তারাচন্দ্র নামে হেলা তাহার তনয়॥
ইহার নন্দন শুন ব্রহ্মাচন্দ্র রায়।
গোপীচন্দ্র নামে হেলা ইহারো তনয়॥
মেহচন্দ্র নাম পুনি ইহারো কুমারো।
বিষ্ণুচন্দ্র নামে পুত্র হইলা তাহারো॥
বিষ্ণুচন্দ্র নন্দন হইলা রূপচন্দ্র।
ততহু উৎপত্তি হোএ গোবিন্দ যে চন্দ্র॥ (১)

রাজার সমৃদ্ধি।

মহা প্রতাপী রাজা বলে বলিয়ারো।
তিনি কোশ আয়তন কটক ইহারো॥ (২)
তিনি পুর বান্ধুলা সে পাথর পাচে চিরি।
তিনি তাল গম্ভীর বিশাল খনা খুলি॥ (৩)
জগতী অটালি সেঢ় মণ্ডপ নবর।
উপরেণ খোয়া ঢালি ভিতরে হিঙ্গুড়॥
চন্দ্রশালাপুর গঙ্গামন্দির উপমা।
অষ্ট রত্তন মিশাই গড়িলা বিশ্বকর্ম্মা॥

---

(১) এই বংশাবলীর সঙ্গে বাঙ্গলাদেশে প্রচলিত গোবিন্দচন্দ্রের গানে প্রদত্ত বংশাবলীর ঐক্য নাই।

(২) ইহার সৈন্যগণ তিন ক্রোশ ব্যাপিয়া অবস্থান করে। এই বিবরণ হইতে আমরা প্রসিদ্ধ গোবিন্দপালের ক্ষমতার কতকটা যথাযথ বর্ণনা পাইতেছি। বাঙ্গলায় প্রচলিত গোপীচন্দ্রের গানে তাঁহাকে ২২ দণ্ডের অধিপতি বলা হইয়াছে, তাহা নিতান্তই গ্রাম্য কবির অজ্ঞতার পরিচায়ক।

(৩) পাথর চিরিয়া তিনটি পুরী নির্ম্মিত হইল। তিন তাল পরিমিত বিশাল খনা (গর্ত্ত) খুঁড়িল, অর্থাৎ জলাশয় প্রস্তুত করিল।

কূপ ওরা সামকা যে বাপি সরোবর।
গম্ভীর সোয়াধ জল অতি নিরমল ॥

পক্ষীশালা।

মেলা কোঠাঘর মান অতি বিতপণ (১)।
স এব কপুতা আদি নানা রত্নমান ॥
বসন্ত পাচোর যে আবার শ্বেতহংস। (২)
চকুয়া চকুই (৩) বণি সঞ্চাল ডাহুস (৪) ॥
কুস্ত দহিয়া যে ময়ূর ময়ূরী।
সামুকা গড়সি সারি তেওয়ারি তিত্তিরী ॥
কোয়ারিঙ্ক সাতো ভাই গুগুরী বাগতি।
রাজবাড়ী রাজহংস পরই ভারতী ॥
চক্রচূড় কুক্কুটো তেপত্র পঙ্কখাই।
লম্বঠুণ্ট (৫) কাদখঞ্চি (৬) পক্ষী যে চটাই ॥
ঘুঘুটিয়া পদ্মবাঁক পাঁপিয়া পাখী।
শরালি যে কুজিহংস রাম নিকোয়া।
অখিলিড়া হরোড়ো যে ফক্করী টেণ্টুয়া ॥
পাণিলিয়া জুরো বকো পাণিলিয়া পক্ষী।
শঙ্খচিল কাপড়তা হাকো বেড়া টুপি ॥
এরেণকা তাম্বুর যে সমুদ্র তেণ্টিয়া।
পুলন বেষবর চড়ি আধার কুকুয়া ॥
ঘরচটা বাইয়া যে পঞ্চ ভাইয়া শুয়া।
অমৃতা অমৃতি যে আবার পাটশুয়া ॥
এ বিধি (৭) অনেক পক্ষী সুদই রাজন।
ভূমিরে বসইকে পড়ই বন্ধন ॥ (৮)
ধাড়ী ধাড়ী (৯) পঞ্জরী ভিতরে থুকে থান্তি।
তে যহিং কি রাজন দে আহার ভকতি ॥
দুধ ভাত মাছ মাংস তপতকে খাই।
বেণী শত পরিবারে ইহাকু যোগাই ॥

---

(১) বিস্তৃত।

(২) এখানে রাজার চিড়িয়াখানার পক্ষীগুলির নাম লিখিত হইয়াছে।

(৩) চকোর চকোরী। (৪) ডাহুক। (৫) দীর্ঘচঞ্চু।

(৬) কাদা-খোঁচা। (৭) এই প্রকার।

(৮) ইহারা এতদূর পোষ মানিয়াছিল যে, মাটীতে বসিয়া অনায়াসে শৃঙ্খল পরিত। (৯) ধাড়ী ধাড়ী = বড় বড়।

পশুশালা।

মৃগসয়ম্বর যে হরিণী বাউটিয়া।
ব্যাঘ্র যে ভালুক রাজা পুষই শালিয়া ॥
নব লক্ষ কুরঙ্গ তের শত হাতী।
ষোল শত তুরঙ্গম উট শতে ছন্তি ॥
অতি পরিমল রাজা পটান্তর নাই।
ব্রহ্মবাম নদীকূলে কটক বসাই ॥
অবসন্তে বসন্ত বহই নিরন্তর। (১)
বিম্বাধর প্রায় দেহপুর সে সুন্দর ॥

রাজার গুণ কীর্ত্তন।

রোগ শোক চিন্তা নাহি অচিন্তা ভুবন।
জন প্রজামানে অর্জ্জি কুবের সমান ॥
বাটীরে তিনায় করি ভিয়ান প্রমাণ।
করমুজি প্রজাএ অর্জ্জন্তি বহুধন ॥
কৌড়ি মড়াই যে বহুত ধান ঘর।
খাইলে বইলে ন সরই অতি অগোচর ॥
জনেকে দরিদ্র নাঁহি সমস্তে ফুরণা।
হরিনাম গায়ন করি করন্তি চন্দ্রগুণা ॥
সুবর্ণের চুড়ি বাহি (২) কণ্ঠে কণ্ঠমাল।
পাটনেত আভরণ হুয়ন্তি উজ্জ্বাল ॥
শুকল বসন মান মনই কিঞ্চিৎ।
অন্নদান বস্ত্রদান দিয়ন্তি বহুত ॥
মাগিলে দিয়ন্তি মিছ ন আসই মুখে।
বল দর্প নাহি জানে বিহরন্তি সুখে ॥
এমতে অচলাচল লক্ষ্মী বঙ্গসাঁই (৩)।
যুদ্ধাঙ্কর চিন্তা নাই সমস্তে বড়ি মাই ॥
আপনার রাজাকু রিপুভেদ নাই।
আবর সমর সে করিবে কাঁহি পাই ॥
রিপুমাণে শরণ পশন্তি ভয়ে আসি।
নিষ্কণ্টকে রাজ্য সে করই বঙ্গদেশী ॥
গর্ভধারী জননী মুকুতা (৪) মহাদেই (৫)।
মহাপুণ্যবন্ত সে যে সিদ্ধ তার দেহি ॥

---

(১) বসন্তকাল ভিন্ন অন্য সময়েও বসন্ত-বায়ু সর্ব্বদা প্রবাহিত হইত।
(২) বাহি = বাহুতে। (৩) বঙ্গসাঁই = বঙ্গস্বামী।
(৪) মুক্তানাম্নী। (৫) মহাদেবী।

অবধূত গোরক্ষনাথর এ যে চেড়ি।
স্ত্রী জন্ম হই জ্ঞান সাধিলা গৌরী॥
অনে শত রাণী তার সমস্তে সুন্দরী।
ইহাকু খাটন্তি চৌদ্দ শত পরিবারি॥
সবুতঁহু সুন্দর রোহুমা পোহুমা (১)।
গরু হংসী পাটবংশী মহীপ্রায়ে সীমা॥
চারিশত দাসীগণ একু খটি থান্তি।
তুঁহে প্রজা রাশিএ প্রাণ হোই থান্তি॥
ফগুন শুকল পক্ষ দশমীর দিন।
বসিকু গোবিন্দচন্দ্র জগতী আতীন॥
সিদ্ধেশ্বর নামে মঢ়ি (২) বসিছি পারুষে (৩)।
সুবুদ্ধি করণ আগে কহন্তি বিশ্বাসে॥
নিত্য কর্ম্ম সারি রাএ পালঙ্করে বসি।
জপা মন্ত্র শেযে আপে শরীর আশ্বাসী॥

রাজার স্বীয় রূপের অভিমান।

মনে বিচারিলা মুহি বড়ই সুন্দর।
মোহরূপ দেখিলে কামিনী হেবে ভুল॥
চন্দ্রমা উদয় প্রায়ে মোর দেহ খড়ি।
ভলা বিহি বাড়িলা পূর্ব্বভাগ্য করি॥
এ কেহেঁ সুন্দর জ্যোতিঃ দ্বিতীয়ে রাজন।
দেবতাঙ্ক সঙ্গরেত হইবা সমান॥
এতে বোলি মেঘা দর্পণকু ঘেণিকর।
আপন দেখই রাজা মুখ যে কমল॥
নিষ্কলঙ্ক শরীরে কলঙ্ক দেহে নাই।
মনে মনে আনন্দ হরষ মুখ চাই॥
ভোগ কৌতুকে মোরে জনম হোইলা।
*　*　*　*　*
নিশারে চন্দ্রমা প্রায় বিরাজএ কান্তি।
আপকু প্রশংসা না করিবা ক্ষিতি॥
সুবুদ্ধি সহিতে যহুঁ কোহিলে মনই।
যদ্যপি দর্পণে চাঁহুচি বঙ্গসাঁই॥
এমন্ত সময়ে যে মুকুতা দেই (৪) মাএ।
পুত্রর সন্নিধ্যে যাই কলাক বিজএ॥

---

(১) অহুনা পহুনা। (২) মোহরের = কর্ম্মচারী।
(৩) পার্শ্বে। (৪) দেই = দেবী।

মাতার গঞ্জনা ও উপদেশ।

দেখিলা দর্পণে মুখ চাঁহুচি কুমর।
ক্রোধ ভরে মহামতী (১) কপোলে দেলা কর॥
কি পাই কুমর মণি শরীর নিরেখু।
সিদ্ধ পুরুষঙ্ক সঙ্গে আপনাক লেখু॥ (২)
দিক পাল মানে বাবু অবতার হন্তি।
মায়া দেহ ছাড়ি মর্ত্ত্যমণ্ডলে রহন্তি॥
ব্রহ্মা বিষ্ণু হইছন্তি দশ অবতার।
রক্ষি ন পারন্তি পিণ্ড আপনা কায়া ঘর॥ (৩)
তোহর পিয়র থিলা রূপচন্দ্র রাএ।
তো তহুঁ শতেক গুণে সুন্দর তা কাএ॥ (৪)
অন্ধার দিশই আলো মাণিক তরাসী।
সেউকালে ন রহিলা হোইলা বিলাসী॥
অগ্নিরে দহিলে পিণ্ড হুঅই যে ধূলি।
তো কি পাই দর্পণরে শরীর নিহলি॥
যমরাজা গণিতা করিছি প্রতিদিন।
সময়ে রে পুত্র তোরে হইবু নিধন॥
এতে বোলি অশ্রুজল পকাই সুন্দরী।
শুনি করি চকিত হোইলা দণ্ডধারী॥

রাজার দর্পণ ভূতলে নিক্ষেপ ও মাতাকে প্রবোধ দান।

হস্তরু দর্পণ পাকাইলা ভূমিগতে।
কেমন্তে কহিলা মাগো মোহর অগ্রতে॥
অন্নদান বস্ত্রদান দেই আছি মুঞি।
দানেশ্বর ধ্বনি মোর জগতে শুভই॥
পরজাকু পীড়া নাহি শরণ রখই।
অপরাধ অর্জ্জিলা লোক দোষ দণ্ডই॥
দেবতা ব্রাহ্মণ মোর সেবা নিরন্তর।
লক্ষচম্পা নিউড়ই ঈশ্বরঙ্ক শির॥ (৫)

---

(১) ময়নামতী (?)। (২) হে কুমারমণি (কুমার-শ্রেষ্ঠ), তুমি কি জন্য শরীরকে (এত আগ্রহ সহকারে) দেখিতেছ? যাহাতে নিজে সিদ্ধ ব্যক্তির শ্রেণীভুক্ত হইতে পার, তাহাই কর।

(৩) বিষ্ণু দশ অবতার হইয়াছিলেন, কিন্তু তিনি কোন অবতারেই স্বীয় পিণ্ড (দেহ) রক্ষা করিতে পারেন নাই।

(৪) তোমার পিতা রূপচন্দ্র তোমা অপেক্ষাও শত গুণে সুন্দর ছিলেন। (৫) শিবের মস্তকে লক্ষ চম্পক-পুষ্প প্রদান করিয়াছি।

শ্রীবিষ্ণুপুরাণ শুনই সাতদণ্ড যাএ।
সূর্য্য দেবতাঙ্কু মোর বেণী দণ্ড ধ্যাএ॥
তুম্ভে গর্ভধারী মাতা অট যে মোহর।
তুম্ভ (১) পাদরজ নিত্যে ঘেণই (২) শরীর॥
নিত্য লোকমানকু মো কারণ নিমন্তে।
পিতৃশ্রাদ্ধ বড়াউছি ব্রাহ্মণক হস্তে॥
পাপবাধা নিমন্তে সমরণ করই।
আবর মরণ মোতে হোইব কি পাই॥
দেবী কি শীতল ভোগ দিঅই বহুত।
ধর্ম্মকলা কাল কিপা ন খুঁচিনা মাত॥

মাতার উপদেশ।

মতা বোইলে তহু শুন রে কুমর।
যেতে ধর্ম্ম করু অছু সবুহিঁ নিষ্ফল॥
পিণ্ড মুখ্য করি যেবে দানধর্ম্ম করি।
চির আউস্ব সিদ্ধ তোর হইব যে শরী॥

গুরুকে আশ্রয় করার ফল।

তু যে মহাগুরু সেবা করিলাহু বাবু।
কর্ণে মন্ত্র পাইথিলে কারণ পাইবু॥
তারই মারই গুরু বচন প্রমাণ।
গুরু সেবা কলা লোক লভন্তি কারণ॥
যার সেবা নাহি গুরু পশু বোলি তাকু।
গুরুর আজ্ঞএ মোক্ষ হুঅই পিণ্ডকু॥
পিতা মাতা ঠারু (৩) গুরু বড় বোলি জান।
মন দৃঢ় করি থট শ্রীগুরুচরণ॥
শিষ্য পুত্র হোই যেবে গুরুকো আশ্বাসী।
ভুই বল লাগি মধ্যে রো ভেলা ভাসী॥
কুটিএ হিরণ্য দান দেলে ধর্ম্ম যেতে।
গুরুপাদ ধূলি ঘেণি থিলে ধর্ম্ম তেতে॥
অষ্ট রত্ন সহিত রে গোধন দান দেবা।
কদাচিৎ গুরুকু স্থজি ন পারিবা॥
প্রভাতহুঁ তাহুঁ গুরু পাদ পখাড়িলে (৪)।
থুকে ভক্ষি (৫) থুকে নেউড়িবা (৬) শিরে॥

(১) তুম্ভ=তোমার। (২) ঘেণই=গ্রহণ করি
(৩) অপেক্ষাও। (৪) পখাড়িলে=প্রক্ষালন করিলে।
(৫) গুরুর থুথু ভক্ষণ করিয়া। (৬) নেউড়িবা=নিবে=লইবে।

গুরু যাহা বতাইবে ধেন দৃঢ় করি।
তিরণ পল্লব হেব মেরু গিরি নবরী ॥ (১)
গুরুর বচন বাবু পাষাণর গার (২)।
গুরু মিলিলে যমদণ্ড হেবু পার ॥
গুরু অকল্যাণ কলে নরকে গতি পাই।
সপত জনম যাএ যম নেউ থাই ॥
তুহ্ম যে নরেন্দ্র বাবু বঙ্গরায় জয়।
গুরু সেবা করি নাহি তু মূর্থ শরীর ॥
বোলই গোবিন্দচন্দ্র শুনালি গো মাএ।
আস্তহ ন কহ কি পাএ ততে দিন যাএ ॥
পিণ্ড রহি বাবু এবে বুদ্ধি কহ কি না।
ব্রাহ্মণ হেঁউ কি সে চণ্ডাল হেঁউ কি না ॥
যে রাখিব পিণ্ড তাকু করিবি মাননা।
সদবুদ্ধি প্রবশিব করিবি ভজনা ॥
বোলই মুকুতা দেই শুন রে নন্দন।
রাজা সুখভোগ তেজি পারিব কি পুন ॥

সন্ন্যাসে প্রবর্ত্তনা।

হস্তী ঘোড়া তোহর যে সম্পদ বহুত।
ইহা তেজি পারিবু কি কহ মোরে সত্য ॥
নব লক্ষ বঙ্গ (৩) তোর তের শত হাতী।
ষোল শত তুরঙ্গ উট শতে ছন্তি ॥
বোলই গোবিন্দচন্দ্র তেজিলহি এহা।
গুরু কে হইব মোতে ভেটাইব তাহা ॥

গোবিন্দচন্দ্রের সন্ন্যাস গ্রহণে সম্মতি।

সত্য সত্য মাতা মোর বচন প্রমাণ।
তেজিলি সম্পদ ভোগ্য তোস্তর চরণ ॥
মাতাএ বৈলে বাবু শুনরে গোবিন্দি।
মায়া সংসাররে পড়ি মুহোতেছি দন্দি ॥

---

(১) গুরু যাহা বলিবেন, তাহা দৃঢ়ভাবে গ্রহণ করিলে তৃণপল্লবের ন্যায় ক্ষুদ্রব্যক্তিও মেরু-গিরির ন্যায় বৃহৎ হইবে।

(২) গার=গর্ত্ত। (৩) নব লক্ষ বঙ্গীয় সৈন্য। গৌরেশ্বরগণের এই নবলক্ষ সৈন্যের কথা আমরা ধর্ম্মমঙ্গল-কাব্যগুলির অনেক স্থলেই দেখিতে পাই।

যে বল হাড়িপা তোর খটহ বাড়ী তাটী। (১)
তাহাক সেবা করি তুই বেণীপাদে সুটী॥
যেবে প্রছন্ন (২) তোতে হইল কুমার।
যম কাল ফাসরু (৩) বঞ্চিবু চিরকাল॥

হাড়িপা গুরু।

নৃপতি বৈলে যেবে সিদ্ধ সে পুরুষ।
নীচকুলে জাত কিংবা হইলা অবশ্য॥
গৃহকর্ম্ম করি মৃত্যু মণ্ডড়র।
প্রভাতহু বাড়ী তাটা খটই মোহর॥ (৪)
তাহার চরণ মুহি বোসন্তে ধরিবি।
অকারণ হইলে জীবন হারাইবি॥ (৫)
মুকুতা দেই বইলে শুন মারে বাই।
শাপো মন্নু কর্ম্মে সে জনম হুয়াই॥

হাড়িপার পূর্ব্ব-জন্ম-বিবরণ।

নয় যুগ কালে এ যে মহাতপ কলা।
ইন্দ্রপদ লেবাকু মনো বাড়াইলা॥ (৬)
ব্রহ্মাকু মড়াই (৭) বর মাগিলাকো বহুঁ
বেদ বড় নাথে যে প্রসন্ন হেলে তাহুঁ॥
বৈলে হে ব্রহ্মাণতু ঘোর তাপ থিবু।
সাঠিয়ে সহস্র বরষ অগ্নি যে লাইবু॥
প্রথমুহু তুই পাদে লগই অনল।
জড়ই শরীর তারো হইব বিকল॥
নাভি মণ্ডলরে অগ্নি লাগিবে বা যহু।
আ বৈকুল দেহী চনকিলা তাহু॥
আজ্ঞা দেলে বেদ বর নিসত হইলু।
তোহো পড়া তগি মল্লি সতি না পারিলু॥
ঘেণ ঘেণ শাপে বোলি বুলই বিধাত।
বঙ্গদেশে হাড়ি ঘরে হইবু তু জাত॥

---

(১) যে হাড়ি তোমার বাড়ীতে খাটে। (২) প্রসন্ন।
(৩) পাসরিয়ে। (৪) প্রভাত হইলে যে আমার বাড়ীতে খাটে।
(৫) অকারণ=অকর্ত্তব্য। অর্থাৎ, হাড়িপাকে গুরু স্বীকার করা অকর্ত্তব্য মনে করিলে জীবন হারাইবে।
(৬) এই হাড়িপা ৯ যুগ কাল মহাতপস্যা করিয়া ইন্দ্রপদ লইবার সংকল্প করিয়াছিল। (৭) মড়াই=নিকট।

গোবিন্দ চন্দ রাজার খটব বড়ী তাটী।
শুনি ব্রহ্মা রুষিবে পড়িয়ে মহী লুটি॥
মুকতি কি কারণ কহিবা মোতে এবে।
বেদপতি বৈলে তু জাতো হুঅ এবে॥
কালীপার চেলা তু হইব মহাজ্ঞানী।
তু বৈলে মোরোরা শাল খটব শেআলি॥
গোবিন্দ চন্দ্রকু তা কহিব সদবুদ্ধি।
মুকুতা দেই সহিতে সে হেব সিদ্ধি॥ (১)

বেদবর আজ্ঞায় জন্মিলা নীচ হোই।
তাহার মহিমা বাবু শুনিলাত না হই॥
মোতে অগোচর প্রায়ে জানই মু ভাল।
গোরখর চেলি (২) মুহি শুনিছি কর্ণরে।
তু বে বলু খটই মরোড়া শাল মেরে॥
তাহারো আজ্ঞায় মান (৩) করই নির্ম্মল।
প্রত্যক্ষ দেখ বাবু বেণী নয়নর॥
এতে বোলে নগর ভিতরে বিজে কলে।
চৌরাশী মণ্ডপরে ভুজিল সাচিলে॥
দিন শেষে রজনী শয়ন গোবিন্দাই।
রাত্র বেণী ঘড়ি গড় উজাখড় হোই॥
হীরারো বাটাউ সাড়ি ময়ড়া শালর।
প্রকৃতি সজা সারিলো হইলা বাহার॥
রত্নঝারি জলরে দেউচ কলা কায়ে।
খণ্ডে ধুরে অনাই তছি নৃপ রায়ে॥
এমন্ত সময়ে রজনী পাহি গেলা।
কাকো রবো দিল দিগ নির্ম্মল দিছিলা॥
হাড়িপাএ বাহিরো হইলে ধাতি (৪) কারো (৫)।
পছরে গুড়াইলু কান্দইরে কো কুমারো॥ (৬)

হাড়িপা বৈলে বাবু কান্দু ঠাঁহি পাই। *হাড়িপার সঙ্গে মিলন।*
এহি মনে (৭) আসিবু মন্দিরে থান্ত রাই॥

---

(১) মুক্তাদেবীর সহিত একত্র তপস্যা করিয়া সিদ্ধি লাভ করিবে।
(২) গোরক্ষনাথের শিষ্যা। (৩) মন।
(৪) ধাতি = আবর্জ্জনা। (৫) কারো = কারিতে = পরিষ্কার করিতে। (৬) কুমার কান্দিয়া পাছে পাছে চলিল। (৭) এই ক্ষণে।

ন রোহি বারে কো গুড়াইলা যহু।
মোরোড়া সাল পারুছে বিজে কলা তহু ॥
ধারি ধারি তুটা মারো বৃক্ষ তরুচর।
ফলভর হই তহি মছই অপাড় ॥
বায়েল বরড়া (১) পত্র শব্দ করই।
চৌড় কান্ধি কি চাহি কুমার বোলই ॥
ভো পিতা বৃক্ষরু মোতে ফল তুলি দিও।
হাড়িপা বৈলে বাবু এমত ন কহো ॥
রাজার পৈড় এ যে জাঁপি খাও সারো।
তুটায়া জানিলে করিবে মহাগোল ॥

হাড়িপার প্রভাব।

কোপিন কুমার যে কান্দাই গড় ঘালি।
দিয় পিতা পৈড় মোতে তুলি ॥
পুত্রর বিকল দেখি হাড়িপা রহিলে।
সাপ বৃক্ষ বলিলো সে কতি কি ডাকিলে ॥
হাড়িপাঙ্ক আজ্ঞা পাই বৃক্ষ লটীকাল (২)।
আকাশু উলাই যে শুইলা ভূমিরো ॥ (৩)
আপনে হাড়িপা ফল গুটিএ তুলিলে।
কুমার হস্তরে নেই লটীকাল দেলে ॥
কুমারে বইলা তাতো দিও আরো গুটী।
নাস্তি ফল হাড়িপা যে বৃক্ষ গেল উঠি ॥
আকাশে লাগিলা যাই লটীকাল বৃক্ষ।
ফল ঘেণি (৪) কুমার লেউটী গলা (৫) পথ ॥
কুদার (৬) কুণ্ডহি (৭) কি হাড়িপা আজ্ঞা দেলে।
বেগকরি বাড়ী তাটী খটরে বৈলে ॥
আজ্ঞা পরমাণে যে কোদার চলি গলা।
মোরোড়া শালরে পদি সবুরও কলা ॥
কুণ্ডাইরে পুরাই (৮) দেলা ততক্ষণ।
নগর বাহারে লেই পকাইলা যান ॥

---

(১) বাবলা ও বহেড়া।

(২) লট্‌কা গাছ। (৩) আকাশ-প্রমাণ উচ্চ, অর্থাৎ অতি উচ্চ বৃক্ষ নত হইয়া ভূমিতে পড়িল।

(৪) গ্রহণ করিয়া। (৫) গেল।

(৬) কোদাল। (৭) খোস্তা বা খন্তি। (৮) পাঠাইয়া।

ময়নামতীর গান।

(রঙ্গপুর, নীলফামারি হইতে শ্রীযুক্ত বিশ্বেশ্বর ভট্টাচার্য্য, বি-এ, ডিপুটী ম্যাজিষ্ট্রেট্ কর্ত্তৃক সঙ্কলিত।)

মাণিকচন্দ্র রাজার সুশাসনে প্রজার সুখ—বাঙ্গাল দেওয়ানের উৎপীড়ন ও প্রজার কষ্ট।

মাণিকচন্দ্র রাজার কথা।

মণিকচন্দ্র রাজা ছিল ধর্ম্মী বড় রাজা।
ময়নাক বিভা করিল তার নও বুড়ি ভারযা (১)॥
ময়নাক বিভা করিল রাজার না পূরিল মনের আশ।
তার পরে দ্বাবপুরের (২) পাঁচ কন্যা বিভা করে
পূরি নেল মনের হাবিলাষ (৩)॥

আজি আজি কালি কালি বার বছর হল।
দ্বাবপুরের পাঁচ কন্যা ডাহিনী ময়না কন্দল লাগিল॥ (৪)
দেখিবারে না পারি মহারাজ ব্যাগল (৫) করি দিল।
সেই ময়নাক ঘর বান্ধি দিল ফেরুসা নগরে॥ (৬)

মাণিকচন্দ্র রাজা বঙ্গে বড় সতী।
হাল খানাএ খাজনা দিল দেড় বুড়ি কড়ি।
সেই যে রাজার রাইঅত প্রজা দুষ্‌খু নাহি পাএ।
কারও মারুলি (৭) দিয়া কেহ নাহি যায়॥
কারও পুষ্করিণীর জল কেহ নাহি খাএ।
আথাইলের ধন কড়ি পাথাইলে শুকায়॥ (৮)

---

(১) নয় (৯) বুড়ি অর্থাৎ ১৮০ ভার্য্যা। (২) দেবপুরের।

(৩) অভিলাষ। (৪) দেবপুরের পাঁচ কন্যার সঙ্গে ময়নামতী ডাইনীর বিবাদ ঘটিল। ময়নামতী বয়সে বড় ছিলেন এবং তিনি মন্ত্রতন্ত্র জানিতেন, এজন্য তাঁহাকে "ডাইনি" বলা হইয়াছে। (৫) আল্‌গা = পৃথক্

(৬) দেবপুরের পাঁচ রাণীর সঙ্গে ডাইনী ময়নামতীর কলহ হওয়াতে, রাজা ময়নামতীকে 'ফেরুসা নগরে' ভিন্ন বাড়ীতে নির্ব্বাসিত করিয়া দিলেন।

(৭) মারুলি = পথ = বাড়ীর উপরের পথ। (৮) আথাইলের = গৃহাভ্যন্তরের। পাথাইলে = প্রান্তরে। ঘরের অর্থ কড়ি বাহিরে রাখিলেও কেহ চুরি করে না।

সোণার ভেটা দিয়া রাইঅতের ছাওয়ালে খেলায়। (১)
হেন দুঃখী কাঙ্গাল নাই ধরিয়া পালাএ ॥ (২)
পাত বেচা হইয়া রাইঅত পাত বেচাইয়া খায়।
স্ত্রী পুরুষে যুক্তি করি হস্তী কিনিবার চায় ॥
খড়ি বেচা হইয়া খড়ি বেচাঞা খাএ।
স্ত্রী পুরুষে বুদ্ধি করি দালান দেবার চায় ॥
সেক্কা রাইঅতের ছিল সরন্দা নলের বেড়া।
বেতনা করি যে ভাত খাএ (৩) তার দুআরত ঘোড়া ॥
ঘিণে বান্দী নাহি পিন্ধে পাটের পাছড়া ॥

আজি আজি কালি কালি বার বছর হৈল।
এক দক্ষিণদেশী বাঙ্গাল সেই রাজার দরবারত
উপস্থিত হল ॥

দক্ষিণদেশী বাঙ্গালের আগমন।

দক্ষিণ হৈতে আইল বাঙ্গাল লম্বা লম্বা দাড়ি।
সেই বাঙ্গাল আসিয়া মুলুকৎ কৈল্ল কড়ি ॥

বাঙ্গালের দেওয়ানী ও প্রজার কষ্ট।

দেওয়ানগিরি চাকরী রাজা সেই বাঙ্গালক দিল।
দেড় বুড়ি ছিল খাজনা পোন্দর গণ্ডা নিল ॥
রাম লখ্‌খ্‌ণ দুটা গোলা দুআরে ছান্দিল।
কাঙ্গাল দুঃখীক মারি রাজার এ ধন ছাচিল (৪) ॥
খানে খানে রাজার তালুক দুগ (৫) হইয়া গেল।
পোনের গণ্ডা কড়ি রাইঅতের সাদিতে লাগিল ॥
সুখিত রায়ত প্রজা দুঃখিত হইল ॥
চাষা লোকে দেয় খাজনা হাল গরু বেচাঞা।
সাউত (৬) সদাগর দেয় খাজনা নাউ নৌকা বেচাঞা ॥
ফকির দরবেশ দেয় খাজনা ঝোলি কাঁথা বেচাঞা ॥
লাঙ্গল বেচাএ জোঙ্গাল বেচাএ আরো বেচাএ ফাল।
খাজনার তাপত বেচাএ দুধের ছোওআল ॥
দুধের পুত্র বেচাঞা হাকিমের মালগুজার যোগাল।
পুত্রশোকে রাইঅত পরজা কান্দিতে লাগিল ॥

---

(১) সেই সময় প্রজাদের এরূপ সমৃদ্ধি ছিল যে, প্রজাদের ছেলেরা সোণার বল লইয়া খেলা করিত। (২) অত্যন্ত দুঃখী দরিদ্র ব্যক্তিও ছেলেদের "সোণার ভেটা" লইয়া পালায় না, অর্থাৎ উহা চুরি করে না।
(৩) যে বেতন লইয়া জীবিকা নির্ব্বাহ করে।
(৪) সঞ্চয় করিল। (৫) দুর্গম = জনশূন্য। (৬) সাধু।

গোপীচন্দ্র রাজার সভাবর্ণন। রাজমাতা ময়নার সভায় আগমন। মাতা-পুত্রে বাদানুবাদ। মাতার প্রতি গোপীচন্দ্রের কলঙ্কারোপ।

বুঝান খণ্ড।

রাজার সভা।

আপনার মহলে রাজা হরষিত মন।
আপনার দরবার লাগি করিল গমন॥
বসিল ধর্ম্মী রাজা সভার মাঝারে।
চতুর্দ্দিগ ঘিরি নিল বৈশ্য বামনে॥
মহারাজার গুরু আইল বামনা গণ্ডি ঘর।
কবি গাইতে আইল রাজার ভাট দুর্গাবর॥
বুজান্তের কণ্ঠে বসিল হরি পুরন্দর॥
হাতে পদ্ম পাএ পদ্ম রাজার কপালে রতন জলে।
গলায় রতনের মালা রাজার টল মল করে॥
আরণি (১) ধরিআ আইল আঅতি কোঙর (২)।
জলের ঝারি নিয়া আইল জুলাই সেক্কর॥
তামাকু ধরিআ আইসে খাস মলমল।
পাণের বাটা ধরিয়া আইসে খেতুয়া লঙ্কেশ্বর॥
বাও (৩) করিবার লাগিল রাজার হেমাই পাত্তর॥
পূর্ব্ব দরবারে বৈসে চাঁদ সদাগর।
উত্তর দিকে দরবার বৈসে রাজা জন্মেশ্বর॥
পশ্চিমে দরবার বৈসে পীর পএগম্বর।
দক্ষিণে দররার বৈসে বালা (৪) লক্ষীন্ধর॥
সম্মুখে দরবার বৈসে গুরু বামুনের ঘর॥
রাইঅত জনে একবার বৈসে সারি সারি।
রাজ্যের হিসাব দেয় বীরসিং ভাণ্ডারী॥
ভরা কাছারি রাজার করে ডাম্বা ডোল।
এই শোর শুনিতে পাইল ময়না সুন্দর॥

ময়নামতীর আগমন।

ধেআনের (৫) বুড়ী ময়না ধেআন করিল।
ধেয়ানেতে ছাইনার সন্ন্যাস ধরা পাইল॥

---

(১) আরঙ্গী=রাজচ্ছত্র। (২) কুমার। (৩) বাতাস। (৪) বালক। (৫) ধ্যানশীলা।

হাতে মাথে বুড়ী ময়না চমকিয়া উঠিল।
সাজ সাজ বলিয়া ময়না সাজিতে লাগিল॥
ধবল বস্ত্র নিল ময়না পরিধান করিয়া।
হেমতালের লাঠি নিল হস্তে করিয়া॥
লং জায়ফল এলাচী দারুচিনি গুয়ামুরি।
ধনিয়া কর্পূর যষ্টিমধু পাণের মধ্যে দিআ।
পাণ খাইতে খাইতে বুড়ী ময়না যাচ্ছে চলিয়া॥
যে আস্তায় (১) যায় ময়না গুয়া (২) চাবাইয়া।
গুআর বাসনা (৩) যায় ময়নার দুএ কোশ লাগিআ॥ (৪)
হাএ হাএ করে দেবগণ গুয়ার বাসনা লাগিয়া। (৫)
যাএ যাএ বলছে যাএ বুড়ী ময়না দরবার লাগিয়া॥
দরবারেতে যাইআ ময়না রূপস্থিত হৈল।
চাক্ষুসে ধর্ম্মী রাজা মা জননীক দেখিল॥
হরিধ্বনি দিয়া কাছারি বরখাস্ত করিল॥
ধবল বস্ত্র নিল রাজা গলাতে পলটাইয়া।
করদস্ত (৬) হইঞা জননীক ছা এছে (৭) বলিআ॥

আশীর্ব্বাদ।

ডাইন হস্তের আসা ময়না বাম হস্তে নিয়া।
ছাইলাক আশীর্ব্বাদ দেয় মস্তকে ধরিয়া॥
জীউ মোর আড়ীর স্থত্র (৮) ধর্ম্মে দিলাম বর।
যত সাগরের বালা এতই আরিব্বল॥
ত্রিভুবন টলিয়া গেলে না যাবু যমের ঘর॥

হাড়ি সিদ্ধাকে গুরু করার প্রস্তাব ও রাজার অসম্মতি।

শীঘ্র যাঞা গুরু ভজ সিদ্ধা হাড়ির চরণ।
সিদ্ধা হাড়িক ভজিলে গুরু না হবে মরণ॥
যখন ধর্ম্মী রাজা হাড়ির নাম শুনিল।
রাধা কৃষ্ণ রাম রাম কর্ণে হস্ত দিল॥
ওগো মা জননী ডুবালু মা জাতি কুল আর সব্ব গাও।
বাইশ দণ্ড রাজা হঞা হাড়ির ধরব পাও॥

---

(১) রাস্তায়। (২) আসামে পাণ খাওয়াকেই গুয়া খাওয়া বলে।
(৩) বাসনা = বাস = সুবাস।
(৪) দুই ক্রোশ ব্যাপিয়া ময়নামতীর গুবাকের সুগন্ধ ছুটিল।
(৫) এমন অপূর্ব্ব-গন্ধ গুবাকের জন্য দেবগণেরও হিংসা হইল।
(৬) করযোড় = যোড়হস্ত। (৭) দেবী এসেছেন। (৮) রাঁড়ীর পুত্র।

হাট সামটে (১) হাড়ি বেটা না করে ছিনান।
কথা হৈতে পাইল তিনি চৈতন্য গিয়ান॥
এতই যদি হাড়ি আছে গিআনে ডাঙ্গর (২)।
তবে কেন খাটি খায় আমার খাটের তল॥
মোরে নুনে মোরে তৈলে রসুই করি খায়।
গুরুর ঘরে মহামন্ত্র কথা হৈতে পায়॥
ময়না বলে হারে বেটা রাজ-দুলালিয়া।
এমন কথা না বলিও বেটা হাড়ি যেন না শুনে।
মহাশাপ দিবে সিদ্ধা হাড়ি মরুবু আপনে॥
এ দেখিয়া হাড়ি নও বঙ্গদেশে ঘর।
চাঁদ সুরুয রাখছ দুই কাণের কুণ্ডল॥
আপনি ইন্দ্র রাজা ঢুলাএ চাঙর।
চন্দ্রের পৃষ্ঠে আন্ধে বাড়ে (৩) কূরুমের (৪) পৃষ্ঠে খাএ।
আপনি মাও (৫) লক্ষী রসুই করি দেএ॥
ইন্দ্রপুরের পাঁচ কন্যা দুয়াপতি (৬) খেলায়।
পাতালের নাগ-কন্যা তামাকু যোগায়॥
শুভচণী বাড়ে গুয়া (৭) হাড়িপা বসি খাএ।
যমের বেটা মেঘনা কুমার পাড়খা (৮) ঢুলাএ॥
চাঁদের পৃষ্ঠে রাঁধে হাড়ি কূর্ম্মের পৃষ্ঠে খায়।
সোণার খড়ম পাএ দিয়া দরিয়া বেড়ায়॥(৯)
দরিয়া বেড়াইতে যদি যমের লাগ্‌গ পাএ।
চিলা চাঙ্গ দিয়া যমক তিন পরে (১০) কিলাএ॥
মারিয়া লরিয়া যমক করুণা শিখায়।
হেন সাধ্য নাই যমের পলাইয়া যায়॥
কার ঘরে খায় হাড়ি কার ঘরে রএ।
রাজা বলে শুন মা জননী লক্ষী রাই।
এ গলা কথা মিথ্যা তোমার বিশ্বাস না পাই॥

---

(১) পরিষ্কার করে। (২) বড়=শ্রেষ্ঠ। (৩) রান্ধে বাড়ে।
(৪) কূর্ম্মের। (৫) মাতা। (৬) দাবা খেলা।
(৭) সুবচনী 'শুভচণ্ডী' শব্দের অপভ্রংশ। সুবচনী ঠাকুরাণী হাড়ির গুয়া বা পাণ সাজেন।
(৮) পাড়খা=পাখা। (৯) সোণার খড়ম পায়ে হাড়ি নদীর উপর বেড়ায়। (১০) তিন প্রহর।

এতেক যদি গিয়ান ছিল হাড়িপা লঙ্কেশ্বর।
তার চেতে অধিক জ্ঞান জান মা ময়না সুন্দর॥
তবে কেনে আমার পিতা গেল যমের ঘর॥
গোটা চারেক গেআন যদি আমার বাপক দিলেন।
যুগে যুগে আমার পিতা বাচিঞা রইল হএ।
আমার নাকা (১) পাঁচ পুত্র আরো পাইলেন হএ॥
সত্যে রাজার পুত্র হএ নাও পারিলাম হএ।
মএনা বলে শুন ছেলে আমি বলি তোরে।
নির্ব্বুদ্ধিয়া রাজপুত্র নির্ব্বুদ্ধিয়ারে কাল।
এক জননী হএ তোমাক বুঝাব কত কাল॥
কৈছিলাম (২) তোমার পিতাক গেয়ান শিখিবার।
ঘরের নারীর গিয়ান দেখে তোমার পিতা গিয়ান
করছে হেলা। (৩)
ঐ দিগে গোদা-যম পাতাএ গিয়াছেন মেলা॥

মাতার বিরুদ্ধে পুত্রের ভয়ানক অভিযোগ।

রাজা বলে শুন জননী জননী লক্ষ্মী রাই।
এসব কথা মিথ্যা মা তোমার বিশ্বাস না পাই॥
হাড়ির খাইছেন গুয়া মা হাড়ির খাইছেন পাণ।
ভাব করে শিখিয়া নিছ ঐ হাড়ির গিয়ান॥
হাড়ির গিয়ানে তোমার গিয়ানে জননী একস্তর করিয়া।
আমার পিতাক মারছেন মা গরল বিষ খাওয়াইয়া॥
বুদ্ধি পরামিশে আমাক বনবাসে পাঠাইআ।
গুয়া বীচি খাবেন তুমি ঐ হাড়ি লৈয়া॥
হাটে গেছেন বাজার গেছেন কিনিআ খাইছেন খই।
আমার পিতার মরণের দিন সতী গেছেন কই॥ (৪)
আমার পিতার মরণের দিন সতী গেলেন হএ।
সত্য রাজার পুত্র নাঁও পাড়ান্থ হএ॥ (৫)

---

(১) ন্যায়=মতন। (২) কহিয়াছিলাম।

(৩) নিজের স্ত্রী মহাজ্ঞান শিখিয়াছে, এইজন্য রাজা তাহা তুচ্ছ বলিয়া উপেক্ষা করিলেন।

(৪) আমার পিতার সঙ্গে মা সহমরণ গেলেন না কেন?

(৫) নাঁও=নাবায়=ভূতলে। আমার পিতার সঙ্গে সহমরণ গেলে, তবে আমি বুঝিতাম সত্য সত্যই আমি রাজপুত্র হইয়া ভূমিষ্ট হইয়াছিলাম।

যখনে ধর্ম্মী রাজা জননীক কটু বাক্য বলিল।
কাটাবিরিখের লাগাএ (১) ময়না ঢলিয়া পড়িল॥
করুণা করি বুড়ী ময়না কান্দিতে লাগিল॥
ভগবান এই পুত্র জন্মেছিল এ হৃদি মাঝারে।
বেটা হঞা কলঙ্ক দিলে ভাই (২) হাড়ির বরাবরে॥
গোরখনাথ হএ গুরু হাড়ি ধর্ম্মের ভাই।
দোন জনে জ্ঞান শিখেছি একই হাড়ির ঠাঞি॥
সেই সম্বন্ধে হএ হাড়ি আমার ছোট ভাই।
আর একনা দিলে হএ যদি গুরু লাগেবে দোসর।
এক্কেকালে দুষ্ট পুত্র পাঠাই রসাতল॥ (৩)
গুরু গুরু বলিয়া ময়না বুড়ী কান্দিতে লাগিল।
কৈল্লাসেতে ছিল শিব গোরখনাথ আসন নড়িল॥
কৈল্লাসেতে শিব গোরখনাথ মস্তকে দিল পাও।
শিবের ঘরণী নামিল রাজা সতীর মাও॥
যেন কালে বুড়ী ময়না গুরুকে দেখিল।
এক অদ্ধ মস্তকের কেশ দুই অদ্ধ করিয়া।
গুরুর চরণে বুড়ী ময়না ভজিয়া॥
গুরু বাপ এই পুত্র জন্ম দিলেন হৃদের মাঝারে।
বেটা হএ কলঙ্ক দিলে ভাই হাড়ির বরাবরে॥

গোরক্ষনাথের নিকট ময়নামতীর আত্ম-নিবেদন।

---

(১) কাটাবিরিখের লাগাএ=কর্ত্তিত বৃক্ষের ন্যায়।

(২) হাড়িপা ও ময়নামতী উভয়েই গোরক্ষনাথের চেলা, এই সম্বন্ধে হাড়িপা ময়নামতীর ভাই।

(৩) একনা=একখানা=একটি। আমার যদি ইহার দোসর আর একটি পুত্র থাকিত, তবে এই দুষ্ট পুত্রকে এখনি রসাতলে পাঠাইতাম।

দুর্ল্লভ-মল্লিক-কৃত

রাজা গোবিন্দচন্দ্রের গান।

[পরবর্ত্তী কালের মার্জ্জিত সংস্করণ।]

একাদশ শতাব্দীর একটি অতি প্রাচীন গাথা ভাঙ্গিয়া দুর্ল্লভ মল্লিক-নামক কবি এই কবিতা প্রণয়ন করিয়াছেন। ইহাতে সেই প্রাচীন কবিতার অনেক ভাব সংরক্ষিত, এই জন্য আমরা এই অধ্যায়ে ইহা সন্নিবিষ্ট করিলাম। এই গানে স্পষ্টই দেখা যায় বাঙ্গলার পল্লী-গাথার উপর সংস্কৃত প্রভাব পড়িয়াছে। এই গান সাহিত্য-পরিষৎ হইতে শ্রীযুক্ত শিবচন্দ্র শীল মহাশয় সম্পাদিত ও প্রকাশিত করিয়াছেন।

বন্দনা।

প্রথমে বন্দিলাম ধর্ম্ম আদ্যের গোসাঞি।
যার অগোচরে কিছু ত্রিভুবনে নাঞি॥
দেব গুরু বিষ্ণু বন্দ বেদ ব্রহ্ম মুনি।
জ্ঞান গুরু শিব বন্দো ত্রিজগতে জানি॥
দয়ার গুরু ভগবতী বন্দো আদ্যা দেবী।
সরস্বতী দেবী বন্দো যাহা হইতে কবি॥
হাড়িপা কালুপা বন্দিলাম জ্ঞানবিন্দ (১)।
গুহ্যরাজ বন্দো আর রাজা গোবিন্দচন্দ॥
সুরপুরে ইন্দ্র বন্দো যত দেবগণ।
দেবদেবী চরণে আমার নিবেদন॥
জন্মদাতা পিতা মাতা জঠর-ধারিণী।
দীক্ষা গুরু বন্দিলাম লোটায়্যা ধরণী॥
পাতালে বাসুকি বন্দো চন্দ্র সূর্য্য আদি।
গ্রহ তারা বসুন্ধরা বন্দো নদ নদী॥
মহাবিদ্যা মহাজ্ঞান দিয়াছেন কাণে।
দুর্ল্লভ মল্লিকে কহে শ্রীগুরুচরণে॥

হাড়িপার পাটিকা নগরে আগমন।

যোগসিদ্ধা হাড়িপা কালুপা গোর্ক্ষ মীন। (২)
সাত সিদ্ধা অবতার গৃহবাস হীন॥
ধর্ম্ম অবতার হইল সিদ্ধা সাতজন।
গুরু শাপে হাড়িপা যান পাটিকা ভুবন॥

---

(১) জ্ঞানীবৃন্দ।

(২) হাড়িপা, কালুপা, গোরক্ষনাথ, মীননাথ ইহাঁরা বৌদ্ধ যোগী।

গুরু শাপে মীননাথ কদলীর বনে।
ফাকর হইল যোগী হারায়্যা মহাজ্ঞানে॥
পাটিকা নগরে রাজা গোবিন্দচন্দ্র ভূপ।
জলন্দরী (১) হাড়িপা (২) হইল হাড়িরূপ॥
শিশুপা কুমার এক সঙ্গে করিল।
নগর বাহিরে হাড়ি আশ্রম করিল॥
পাইশালে খাটে হাড়ি রাজার আওয়াসে (৩)।
বার বৎসর শাপ হইল (৪) অবশেষে॥
রজনী প্রভাতে মুখ করিয়া পাখাল।
রাজপুরে গেল হাড়ি ঝুরিয়ে কোদাল॥
গুপ্তবেশে হাড়িপা আছয়ে তথায়।
শিশুপা কুমার তার পশ্চায়ত গোড়ায় (৫)॥
বাহড় বাহড় (৬) তারে বলে জলন্দরী।
এখনি আসিব পুত্র তোর বরাবরি॥
ছাওয়াল চরিত্র তোমার নারিবে যাইতে।
প্রবোধ না মানে শিশু লাগিল কান্দিতে॥
বিকল হইল হাড়িপা ক্রন্দন দেখিয়া।
প্রবোধ করিলা শিশু নাড়ু কলা দিয়া॥
সম্মুখেতে রম্যবন তাহে দিব্য ফল।
একে একে জলন্দরী চাহিল সকল॥
প্রথমে মাটীর গড় লঙ্ঘিল ত্বরায়।
দ্বিতীয়ে লঙ্ঘিল গড় বংশীবট তায়॥
তৃতীয়ে লঙ্ঘিল গড় ফটিক রচিত।
চতুর্থে লঙ্ঘিল গড় হীরায় জড়িত॥
পঞ্চমে লঙ্ঘিল গড় লোহার গঠন।
ষষ্ঠমে ধবল গড় শতেক যোজন॥
সপ্তমে দেখিল গড় নানা জাতি ফল।
আম্র কাঠাল গুবাক নারিকেল॥
হরীতকী জায়ফল এলাচ লবঙ্গ।
মধুর কোকিল নাদ করএ সুরঙ্গ॥

বৃক্ষগুলিকে মন্ত্রমুগ্ধ করা।

---

(১) হাড়ির এক নাম। (২) হাড়িরূপী গুরু। (৩) আবাসে।
(৪) পাটিকা নগরে ১২ বৎসর হাড়ি-রূপে থাকিতে অভিশাপ হইল।
(৫) গমন করে। (৬) ফিরিয়া আইস।

নানাজাতি পক্ষী গাছে করে কোলাহল।
পক্ষি-রব শুনি চিত্ত হইল চঞ্চল॥
চারিদিক চাহি যোগী ধ্যান আরম্ভিল।
হুঙ্কারে বৃক্ষ সব ভূমিতে ঠেকিল॥
হেট মুণ্ড হইল গাছ লোটে ভূমিতল।
ছিণ্ডিয়া পুত্রের হাতে দিল নানা ফল॥
হুহুঙ্কার দিয়া পুনঃ চারি পানে চায়।
ততক্ষণে বৃক্ষ ডাল উঠিয়া দাণ্ডায়॥
বালাখানায় বসিয়া দেখিল রাজার মা।
হাড়ি নয় জানিলাম এই হাড়িপা॥
গুপ্তবেশে বাউলরূপে আছে এই ঠাঞি।
ইহার চেলা করিয়া রাজা গোবিন্দাই॥

গোবিন্দচন্দ্র অন্দর-মহলে।

বসিয়াছে গোবিন্দচন্দ্র আপনার পুরী।
ছয় কুড়ি রাণী কাছে পুতুনা সুন্দরী॥
উদুনা পুতুনা (১) লইয়া করিছে বিলাস।
শ্বেত চামরে কেহ করিছে বাতাস॥
অগুরু চন্দন কেহ লেপে সর্ব্ব গায়।
কর্প্পূর সহিত কেহ তাম্বূল যোগায়॥
উদুনা পুতুনা রূপ জ্বলন্ত আগুনি।
মেঘের আড়েতে যেন শোভে সৌদামিনী॥
অন্ধকারে শোভা যেন মাণিক উজ্জ্বল।
উদুনা পুতুনা রূপে লজ্জিত কমল॥

ময়নামতীর প্রবেশ।

ছয় কুড়ি রাণী লয়্যা গোচিন্দচন্দ্র যথা।
হেন কালে ময়নামন্ত্রী (২) উত্তরিল তথা॥
মাএ দেখি গোবিন্দচন্দ্র উঠিয়া দাণ্ডায়।
প্রণাম করিয়া রাজা আসন যোগায়॥
ময়নামতী বলে বাছা আইনু তোমার ঠাঁই।
বিরলে কহিব কিছু কথা গোবিন্দাই॥
এতেক শুনিয়া রাজা মায়ের বচন।
কি আজ্ঞা করিবে মাতা কহনা এখন॥

---

(১) উদুনা ও পুতুনা দুই পরমা রূপবতী ভগিনী। ইহারা ঢাকা জেলার অন্তর্গত সাভারের রাজা হরিশ্চন্দ্র পালের কন্যা। (Martin's Eastern India, Vol III, P. 409) (২) ময়নামতী।

ময়নামতী বলে বাছা শুন গোবিন্দাই।
মায়ে পোয় যোগী হইলে জঞ্জাল এড়াই॥
নিষ্ঠুর দারুণ যম কারে নাই দয়া।
কাড়্যা লয় প্রাণের শুয়া (১) পড়্যা রয় কায়া॥
পড়্যা রয় ধন জন অট্টালিকা পুরী।
সভা মাঝে দিয়া ডাকা প্রাণ করে চুরি॥
কোন্ রূপে আইসে যম কোন্ পথে যায়।
চিনিতে না পারে যমে নিকটে বেড়ায়॥
হস্তী ঘোড়া পয়দল যত দেখ আর।
অনলের মধ্যে যেন ভস্মেতে অঙ্গার॥
কুয়ারের (২) পানী যেন নরের জীবন।
মাটীর পুত্তলি যেন সব অকারণ॥
কাষ্ঠে পোকা বিন্ধে যেন বাদুড়ে লজ্ঘে (৩) কলা।
জ্ঞানের বিনাশ মাগো বলে অবলা॥
আঠার বৎসর হইলে উনিশে মরণ।
শূন্যভরে নিষ্ঠুর যম আসিবে কখন (৪)॥
নিদারুণ যম আসি গলে দিবে পা।
কাড়্যা লবে প্রাণের শুয়া কান্দিবেক মা॥
কান্দিয়া কান্দিয়া সভাই যাবে ঘরে।
অভাগী জননী কান্দে যাবৎ না মরে॥
লহাই (৫) যৌবন পুড়্যা হবে ছার খার।
মোর বোল শুন পুত্র মরণ নহে আর॥
যোগসিদ্ধা যোগী হয় হইবে অমর।
রাজা বলে কোথা পাব সিদ্ধা কলেবর॥

ময়না বোলে বাছা শুন গোবিন্দাই।
হাড়িপা মানুষ নহে জ্ঞান তার ঠাঁই॥

হাড়িপাকে গুরু স্বীকার করিবার জন্য অনুরোধ।

---

(১) শুয়া=শুকপক্ষী; এস্থলে প্রাণের শুকপক্ষী অর্থাৎ প্রাণ; চলিত ভাষায় কখনও কখনও "প্রাণ-পাখী" বলা হয়।

(২) কুয়াষার=হিমের। (৩) চুষে।

(৪) পূর্ব্বকার এক ভবিষ্যদ্বাণী অনুসারে গোবিন্দচন্দ্রের (গোপীচন্দ্রের) ১৯ বর্ষ বয়সে মৃত্যু অবধারিত ছিল। সন্ন্যাস-গ্রহণ দ্বারা এই মৃত্যু হইতে অব্যাহতি পাওয়া যাইতে পারে, এই নিমিত্তই রাজমাতা ময়নামতীর পুত্রকে সন্ন্যাসে প্রবর্ত্তিত করার জন্য এত আগ্রহ। (৫) নূতন।

রাজার প্রতিবাদ।

সেই হব জ্ঞান গুরু তার সেবা কর।
এত শুনি গোবিন্দচন্দর কাঁপে কলেবর॥
পাইশালে খাটে হাড়ি না করে ছিনান।
তার ঠাঁই কেমনে আছএ ব্রহ্মজ্ঞান॥
আমি রাজা গোবিন্দচন্দ্র সর্ব্বলোকে জানে।
কেমনে ধরিতে বল হাড়ির চরণে॥
এত শুনি বলে তখন ময়না রাণী।
হাড়ি নহে হাড়িপা বাউল ব্রহ্মজ্ঞানী॥
আমার বচন শুন হয়ে সাবধানে।
ধীরে ধীরে শুন কথা হাড়িপা পাছু শুনে॥
করিবে আমারে যোগী যদি ছিল মনে।
উড়ুনা পুতুনা তবে বিভা দিলে কেনে॥
উড়ুনা করিয়া বিভা পুতুনা পাইলাম।
হস্তী ঘোড়া পাইনু আর খেতুয়া গোলাম॥
অন্য লোকের মায়ে বোলে আশীর্ব্বাদ করি।
চণ্ডাল জননী বলে হও দেশান্তরী॥
ষোল দণ্ডের রাজা আমি (১) বঙ্গ অধিকারী।
কেমনে হইতে বল নাছের ভিখারী (২)॥
ময়না মন্ত্রী বলে বাছা হইবে অমর।
রাজা বলে তবে কেন বাপ মৈল মোর॥
ময়নামন্ত্রী বলে বাছা ঐ তাপে মরি।
না শুনিল জ্ঞান কথা গেল যমপুরী॥
সকালে শুনিয়া জ্ঞান বৈকালে ভুলিল।
নারী বলি হেলা করি নাহিক শুনিল॥

---

(১) ষোল দণ্ডে যতটা স্থান ভ্রমণ করা যায়, ততটা স্থানের মালিক। ইহার পূর্ব্বে "২২ দণ্ডের" উল্লেখ সম্বন্ধে আমরা যাহা লিখিয়াছি, এখানে তাহাই প্রযুজ্য। গোবিন্দচন্দ্র সমস্ত পূর্ব্ব-বঙ্গের রাজা ছিলেন, আমরা রাজেন্দ্র চোলের প্রস্তর-লিপিতে ইহা জানিতে পারিয়াছি। গ্রাম্য কবি পরবর্ত্তী সময়ে স্বীয় পল্লীর মানদণ্ড হস্তে "ষোল দণ্ডের" অধিকার নির্দ্দেশ করিয়া মনে করিয়াছেন, তিনি রাজশ্রী খুব উজ্জ্বল করিলেন। বস্তুতঃ ইহা তাহার মূর্খতার পরিচায়ক মাত্র।

(২) যাহারা ভিক্ষার্জ্জনের জন্য নানা বেশে গৃহস্থের দ্বারে ঘুরিয়া বেড়ায়।

তোমার পিতা মাণিকচন্দ্র পরম সুন্দর।
আমার যৌবনে টুটে কলেবর ॥
উত্না পুত্না নহে একাল নাগিনী।
হৃদে বসি পিয়ে মধু জ্ঞান-বিনাশিনী ॥
যে কালে জনক গৃহে আছিলাম আমি।
মোরে জ্ঞান দিয়াছেন গোর্ক্ষনাথ মুনি ॥

গোরক্ষনাথের বর-দান।

পাঠশালে পড়ি আমি যাই নিকেতন।
ষোল শত যোগী হইয়া গোরক্ষ গমন ॥
মোরে জিজ্ঞাসিল গুরু গুণের সাগর।
রাজার ঝিয়ারী কিছু ভিক্ষা দেহ মোর ॥
প্রণাম করিয়া আমি যাই নিকেতন।
যোগিগণে দিব ভিক্ষা মোর হইল মন ॥
রাজার ভাণ্ডারে ধন যতেক আছিল।
গোর্ক্ষনাথ মায়া পাতি সব উড়াইল ॥
ভিক্ষা মোর নাহি না পাই তখন কূল।
ভাণ্ডার দেখিয়া শূন্য কান্দিয়া আকুল ॥
রজত মুকুতা আদি যেই দিকে চাই।
গোর্ক্ষনাথের সম্পাতে ভাণ্ডারে কিছু নাঞি ॥
অবশেষে আছে কাঁজি তার মধ্যে ভাত।
সেই খানে না লাগিল যোগীর সম্পাত ॥
যতন করিয়া তাহা পূরি স্বর্ণ থালে।
যোগীর নিকটে লয়্যা আইনু হেন কালে ॥
পরম হরিষ যোগী হইল সর্ব্বজন।
সম্পূর্ণ হইল সভে করিল ভোজন ॥
আশীর্ব্বাদ করি গুরু মহাজ্ঞান দিল।
চারি যুগ অমর করিয়া মোরে গেল ॥
শুন্যাছি তোমার তত্ত্ব গুরুর বরাবরী।
গোবিন্দাই গুরু হইব সিদ্ধা জলন্দরী ॥
দুর্ল্লভ কহেন ধম্মহাড়ি ধর্ম্মঅবতার।
বিপদ সাগরে গুরু মোরে কর পার ॥

গোরক্ষনাথের কথা।

রাজা বলে যোগী যদি অমর করিল।
তুমি হেন থাকিতে বাপা কেমতে মরিল ॥

মাণিকচন্দ্র রাজার মৃত্যু-বিবরণ।

কহিলে সে সব কথা মনে নাহি ভয়।
তুমি হৈলে অমর বাপে যমে লয়্যা যায় ॥
সুবর্ণচন্দ্র মহারাজা ধাড়ীচন্দ্র পিতা।
তার পুত্র মাণিকচন্দ্র শুন তার কথা ॥
মোরে বিভা কৈল রাজা অল্প বয়সে।
গেলেন তোমার পিতা মোর বাপের বাসে ॥
ধ্যানে দেখিলাম স্বামীর অকাল মরণ।
কেহ না আদরে তারে জিজ্ঞাসে কথন ॥
পরিচয় দিনু আমি ধ্যানেতে বসিয়া।
পলাইল তোর পিতা রাক্ষসী বলিয়া ॥
সেই হইতে তোর পিতা না আইসে মোর পাশে।
মোর বাপে কয়্যা রাজা গেল নিজ দেশে ॥
তোর পিতা মোর তরে করয়ে তরাস।
মোরে ভয় করি রাজা বঞ্চে গৃহবাস ॥
তখন আমার গর্ভ হইল ছয় মাস।
সেই গর্ভে গোবিন্দচন্দ্র তোমার প্রকাশ ॥
গুণিয়া দেখিলাম স্বামীর নিকট মরণ।
না শুনিল মহাজ্ঞান অবোধ রাজন ॥
কালান্তক যম (১) আইল রাজারে লইতে।
রাজা নাহি জানে তাহা না পায় দেখিতে ॥
যতনে রাখিলাম রাজায় ঘরের ভিতরে।
আপনি বসিলাম সেই ঘরের দুয়ারে ॥
পাষাণ দেয়াল ঘরের লোহার কপাট।
হীরার বাঁধুনি নাই পিপীড়ার বাট ॥
প্রথমে আইল যম দাণ্ডায়ে বাহিরে।
আমারে দেখিয়া যম আসিতে না পারে ॥
হুঙ্কার ছাড়িলাম আমি দেখিয়া যমেরে।
সত্তরি যোজন যম পলাইল ডরে ॥
রতন জ্বলিছে ঘরে বিশাশয় (২) বাতি।
বাহিরে আইল যম দুই প্রহর রাতি ॥

---

(১) পরবর্ত্তী দুর্লভ মল্লিক কবি "গোদা-যম" প্রভৃতির স্থলে "কালান্তক যম," "যমদূত" প্রভৃতি কথা ব্যবহার করিয়া প্রাচীন গাথার সংস্কার করিয়াছেন। (২) ১২০ বাতি।

আখি পালটিলে পাছে যমে লয়ে যায়।
বসিয়া রহিলাম আমি রাত্র না পোহায়॥
রাজার নিকটে আমি বস্যা রাত্রি শেষে।
পুনর্ব্বার যমদূত দ্বারের নিকট আসে॥
ব্রহ্মজ্ঞান বস্যা আমি ছাড়িলাম হুহুঙ্কার।
পলাইল সব দূত কেহ নাহি আর॥
সমাচার শুনি যম বুঝিলাম কারণ।
শত দূত শমন পাঠান ততক্ষণ॥
ঘেরিল রাজার পুরী দূতগণ আসি।
রজনী প্রভাত হইল অস্ত গেল শশী॥
আশু পাছু হয়ে দূত নানা মায়া পাতে।
শূন্যে শূন্যে বেড়ায় দূত না পায় ধরিতে॥
ধ্যান ভাঙ্গি দেখি দূত সমুখে রাজার।
হুঙ্কারে পলায় দূত নাহি থাকে আর॥
সাত দিন এইরূপে দূত আইসে যায়।
তোর বাপ আকুল তখন হইল ক্ষুধায়॥
যমদূত পাতি মায়া ক্ষুধা (১) রূপ হয়্যা।
রাজার উদরে দূত প্রবেশিল গিয়া॥
ক্ষুধায় আকুল রাজা কাঁপে সর্ব্বকায়।
রন্ধন করিয়া রামা ভুঞ্জাহ আমায়॥
আমি কহিলাম যদি যাই রান্ধিবারে।
এখনি লইয়া যম যাইবে তোমারে॥
এত শুনি কহে রাজা কর্য়া মোরে কোপ।
যমে যারে লজ্বে তার বুদ্ধি হল লোপ॥
রন্ধন করিতে গেলাম যম হৈল লুকী (২)।
অন্তর হইল দূত দেখি বা না দেখি॥
শূন্য পথে আসি যম প্রাণ নিল কাড়্যা।
প্রাণ-পুরুষ ছাড়্যা গেল কায়া রৈল পড়্যা॥
ধেয়ানে জানিলাম রাজা মরিল নিশ্চয়।
ভ্রমর (৩) হইয়া আমি গেলাম যমালয়॥

ময়নামতীর যমালয়ে প্রবেশ।

(১) পূর্ব্ববর্ত্তী কবি মাণিকচন্দ্র রাজার মৃত্যু-কালীন 'তৃষ্ণার' উল্লেখ করিয়াছেন। (২) লুকায়িত হওয়া। (৩) পূর্ব্ববর্ত্তী কবি ময়নামতীর নিজ রূপেই যমালয়ে যাইয়া বিবিধ রূপধারী গোদা-যমকে ধরিবার নিমিত্ত বিবিধ রূপ-ধারণের কথা লিখিয়াছেন।

বস্যা আছে যমরাজ রত্ন সিংহাসনে।
বেষ্টিত করিয়া যমে যত দূতগণে॥
যমের নিকটে আমি উত্তরিলাম গিয়া।
কম্পিত হইল যম আমারে দেখিয়া॥
চতুর্দ্দিকে উর্দ্ধশ্বাসে পলায় দূতগণ।
হুঙ্কারে কাঁপিল যম টলিল আসন॥
যোড় হস্তে সমুখে মোর দাণ্ডায় যমরাজ।
কি কারণে আইলে মাতা কহ নিজ কায॥
আমি বলিলাম যমে নিজ প্রয়োজন।
আনিলে আমার স্বামী কিসের কারণ॥
এত অধিকারে তোর বাঞ্ছা না পূরিল।
আন্যাছ আমার পতি তোরে প্রমাদ ঘটিল॥
মোর পতি অবিলম্বে ঝাট দেহ আনি।
হুঙ্কারে করিব ভস্ম জ্বালিব আগুনি॥
আমি কহিলাম পুনঃ দেহ প্রাণ দান।
তোরে আশীর্ব্বাদ করি যাই নিজ স্থান॥
যম বলে তবে দিতে পারি জেয়াইয়া (১)।
আপোড়া মৃত্তিকা তুমি ঝাট আন গিয়া॥
আপোড়া মৃত্তিকা বিনে না হয় জীবন।
এতেক শুনিয়া আমি করিলাম গমন॥
ব্রহ্মার নিকট গিয়া দিলাম দরশন।
কহিলাম বিধাতারে বিনয় বচন॥
যম-রাজা প্রাণ-পতির লইল জীবন।
আপোড়া মৃত্তিকা চাই তাহার কারণ॥

আপোড়া মৃত্তিকার কথা।

ব্রহ্মা বলেন শুন ময়নামন্ত্রী রাণী।
আপোড়া মৃত্তিকার তত্ত্ব আমি নাঞি জানি॥
এত শুনিয়া আমার মনে লাগে ধন্দ।
দুর্লভ মল্লিকে কহে শুন গোবিন্দচন্দ॥

---

(১) জেয়াইয়া = জীয়াইয়া।

শিবের গান।

শূণ্য-পুরাণে শিবের গান।

শিবের গান—রামাই পণ্ডিত—খৃঃ ১০ম-১১শ শতাব্দী।

মহাযান সম্প্রদায়ের বৌদ্ধগণ শিব-পূজা করিতেন। এই শিবের স্থান বুদ্ধ অপেক্ষা নিম্নে। শূন্য-পুরাণে দেখা যায় শিব বুদ্ধ বা ধর্ম্মকে পূজা করার জন্য উপকরণ সংগ্রহ করিতেছেন। বৌদ্ধযুগের শিব কৃষকদিগের দেবতা। পরবর্ত্তী হিন্দু-ধর্ম্মের নেতৃগণ শিবের যে প্রশান্ত রজত-গিরিনিভ মূর্ত্তি ও সমাধির অবস্থা কল্পনা করিয়াছেন বৌদ্ধযুগের শিবে তাহার কিছুই নাই। তিনি কৃষি-কার্য্য করেন এবং গৃহে শিবানীর সঙ্গে নিম্ন শ্রেণীর লোকের ন্যায় কলহ করেন। এই কৃষক-শিবের গান বঙ্গদেশে এরূপ প্রচলিত হইয়াছিল যে, পরবর্ত্তী হিন্দু কবিগণও শিব-চরিত্রের এই ভাগ একবারে বর্জ্জন করিতে পারেন পাই। রামেশ্বর, ভারতচন্দ্র প্রভৃতি কবিগণ শিবের যে কৃষি-কার্য্য ও গার্হস্থ্য কলহের আভাস দিয়াছেন, তাহা পূর্ব্ববর্ত্তী যুগের গীতি অবলম্বন করিয়া। শূন্য-পুরাণের যে শিবের গান উদ্ধৃত হইল, তাহা পাঠ করিয়া জনৈক মনস্বিনী ইংরাজ-মহিলা তাঁহার কবিত্বের অতি উচ্চ প্রশংসা করিয়াছিলেন। শিবের ভক্ত শিবকে উলঙ্গ দেখিয়া তাহাকে বস্ত্র বয়নের জন্য কাপাস বুনিতে বলিতেছেন, তাঁহার উপবাস-শীর্ণ দেহ এবং ভিক্ষা-বৃত্তির কথা স্মরণ করিয়া ধান্য রোপণ করিতে উপদেশ দিতেছেন, ইহা সেই ইংরাজ-মহিলার মতে ভক্তির পরাকাষ্ঠা। সাধারণ ভক্ত উপাস্য দেবতার নিকট স্বীয় অভাব-অভিযোগের কথাই জানাইয়া থাকেন। কিন্তু এখানে উপাসক নিজকে সম্পূর্ণরূপে ভুলিয়া স্বীয় উপাস্য দেবতার দুঃখে বিগলিত হইতেছেন, এরূপ নিজের সুখ-দুঃখ-বিস্মৃতি এবং দেবতার প্রতি তন্ময়-ভাব ভক্তির ও কবিত্বের শ্রেষ্ঠতম উপাদান।

যতদূর ধর্ম্মর ওঁঙ্কার যান।
গারস্থের মহাপাপ দূরত পলান ॥ (১)
সাম যজু ঋক্ অথর্ব্ব বেদ।
ওঁকার লইয়া ধর্ম্মর পঞ্চম বেদ।
শুন শুন পণ্ডিত আগমর ভেদ ॥

---

(১) যতদূর পর্য্যন্ত ধর্ম্মঠাকুরের ওঁকার শব্দ ধ্বনিত হয়, ততদূর হইতে গৃহস্থের যত পাপ দূরে সরিয়া যায়।

যখন আছেন গোসাঞি হআ দিগম্বর।
ঘরে ঘরে ভিখা মাগিয়া বুলেন ঈশর॥
রজনী পরভাতে ভিকৃখার লাগি (১) যাই।
কুথাএ পাই কুথাএ না পাই॥
হত্তুকী বএড়া তাহে করি দিন পাত।
কত হরষ গোসাঞি ভিকৃথাএ ভাত॥

চাষের উপদেশ।

আহ্মার (২) বচনে গোসাঞি তুহ্মি (৩) চষ চাষ।
কখন অন্ন হএ গোসাঞি কখন উপবাস॥
পুখরী কাঁদাএ (৪) লইব ভুম খানি।
আরসা (৫) হইলে যেন ছিচএ (৬) দিব পানী॥
আর সব কিষাণ কাঁদিব মাথে হাত দিয়া।
পরম ইচ্ছায় ধান্য আনিব দাইআ (৭)॥
ঘরে ধান্য থাকিলে পরভু সুখে অন্ন খাব।
অন্নর বিহনে পরভু কত দুঃখ পাব॥
কাপাস চষহ পরভু পরিব কাপড়।
কতনা পরিব গোসাঞি কেওদা (৮) বাঘর ছড় (৯)॥
তিল সরিষা চাষ কর গোসাঞি বলি তব পাএ।
কতনা মাখিব গোসাঞি বিভূতি গুলা গাএ॥
মুগ বাটলা আর চষিহ ইখু চাষ।
তবে হবেক গোসাঞি পঞ্চামর্তর (১০) আশ॥
সকল চাষ চষ প্রভু আর রোইও কলা।
সকল দব্ব পাই যেন ধম্ম-পূজার বেলা (১১)॥

শিবের কৃষি।

এতেক সুবিধা হর মনেতে ভাবিল।
মন পবন দুই (১২) হেলএ সিজন করিল॥

---

(১) ভিক্ষার জন্য। (২) আমার। (৩) তুমি।
(৪) সিক্ত কর্দ্দমে। (৫) রস-বিহীন = শুষ্ক। (৬) সেঁচিয়া।
(৭) কাটিয়া। (৮) কেন্দুআ বা কেউন্দা = ব্যাঘ্র-বিশেষ।
(৯) চর্ম্ম। (১০) পঞ্চামৃতের। (১১) এই শিব-ঠাকুর হিন্দুর শিব নহেন, ইনি ধর্ম্মপূজার (বুদ্ধ-পূজার) সহায়। (১২) মন এবং পবন নামক দুটি বৃক্ষ। কোন অলৌকিক ঘটনার অনুকূল কাষ্ঠের জিনিষ গড়িতে হইলে এই 'মন-পবনের' দ্বারা তাহা গড়া হইত, গল্পে এরূপ উক্ত আছে। "মন পবনের বৈঠা" অনেক প্রাচীন গল্পে শোনা যায়। "মন পবনে" গঠিত দ্রব্যাদি মন ও পবনের ন্যায় দ্রুতগামী হয়, ইহাই ধারণা। বঙ্গদেশের কোন কোন স্থানে বৃক্ষ-বিশেষ 'মন ও পবনের' বৃক্ষ বলিয়া অভিহিত হইয়া থাকে।

সোণার যে লাঙ্গল কৈল রূপার যে ফাল।
আগে পিছু লাগিলেত এ তিন গোজাল॥
আস জোতি পাশ জোতি আগুদর বড় চিন্তা।
ডুদিগে তুশলি দিয়া যোআলে কৈল বিন্ধা (১)॥
সকল সাজ হৈল পরভুর আর সাজ চাই।
গটাদশ (২) কুয়া (৩) দিয়া সাজাইল মই॥
তাবর (৪) তুভিতে চাই তুগাছি শলি দড়ি।
চাষ চষিতে চাই সোণার পাচন বাড়ি (৫)॥
মাঘমাসে গোসাঞি পিথিবী মঙ্গলিল (৬)।
যতগুলি ভূম পরভু (৭) সকলি চষিল॥
ভূমে চাষ দিআ পরভু ভূম কৈল তথা।
বীজ ভোজ নহি তুগ্‌গা (৮) বল তার কথা॥
পার্ব্বতী বোলেন পরভু না চষিব চাষ।
ধেআনে বসিলেন পরভু ছাড়িয়া নিশাস॥
একদিন রস হাসে কৈলাসে ভোলানাথে।
পেম-রসে তিলোচন পার্ব্বতীর সাথে॥
কৌতুক করিতে শিবে উপজিল কাম।
কামে উপজিল ধান কামদ বলি নাম॥
এক ধানে হইবাক সহস্রেক নাম।
ইহাতে আসিয়া লক্ষ্মী করিব বিরাম॥
যতেক ধান গোসাঞি সকলি বুনিল।
চাষ চষিয়া গোসাঞি লাঙ্গল তুলিল॥
শ্রাবণ মাসেত ধান হইলেন গছা।
ধান দেখিয়া পরভুর মনে বড় ইচ্ছা॥
ভাদ্দর মাসেত হৈল ধান অতি মনোহর।
ডহর ডাঙ্গর সব একুই সুসর॥ (৯)

---

(১) ছিদ্র। (২) দশগোটা=দশটা।

(৩) মইয়ের মধ্যে মধ্যে যে অবকাশ থাকে তাহাকেই 'কুয়া' বলা হইয়াছে। (৪) তাবর=তাহার।

(৫) গো মেষ প্রভৃতি তাড়াইবার যষ্টি-বিশেষ।

(৬) মঙ্গলাচরণ করিল; এখানে হলারম্ভ করিল।

(৭) প্রভু। (৮) তুগ্‌গা=দুর্গা।

(৯) ডহর=নিম্নতর ভূমি। ডাঙ্গর=বড়। সুসর=সমান হইল। নিম্নস্থ ছোট গাছ এবং উচ্চতর ভূমিস্থ বড় গাছ ভাদ্র মাসে একই সমান হইল।

আশিন মাসেত মেঘে বারিষএ ঝিষিকানি।
নদীএ আছেন কূপজল পূরিত যে পানী॥
কাত্তিকে সোলুঙেতে নাহিক আফ্‌লা।
অঘানে পাকএ শিষ নামএ পড়এ কলা (১)॥
তখন গোসাঞি কোন্ বুদ্ধি যে করিল।
ধান দাইতে পরভুর চিন্তা যে হইল॥
বিশনাথ বিশকম্মা হুঙ্কার পাড়িল।
আসিয়াত বিশকম্মা পরণাম করিল॥
বনর মিগক (২) পরভু হুঙ্কার পাড়িল।
আসিআত মিগবর উপনীত হইল॥
জীয়ন্ত মিগর ছাল ছাড়িআ লইল।
বাতাস মণ্ডল যাঁতা ছাইআ লইল॥
যাঁতা ছাইআ তথা খোঁটা যে পুতিল।
বিশকম্মাক হর অনুমতি দিল॥
ধর ধর বিশকম্মা ভোগর গুআ খায়।
শত পল সোণার কাস্ত (৩) গঠিআ যোগাএ॥
তাতা করিআ নন্দী মহাতাক ছাড়িল।
সোণার কাস্তাখানি গঠিআ যোগাল॥
সাত নারিকল জলে দাখানি পানীঅল।
মরা মিগ পুনরাএ পরাণ দান পাইল॥
নাম সপ্ত জপিআ মারিল মিগর গাএ।
বনর মিগ তখন বনেত পালাএ॥
সরগর ভীম খেত্তীক (৪) যে হুঙ্কার পাড়িল।
আসিআত ভীম খেত্তী পরণাম করিল॥
আজ্ঞা দিলেন হর ধান যে দাইতে।
দখিণ মুখেত উপনীত হইলেন খেতে॥
দুব্বার গাঙ্গেত বহুত খানি জোলি।
ভীম ধান দাইলেন আড়াই হাকুলি॥

---

(১) ধানের ছড়া। (২) মৃগকে।
(৩) কাইস্তা। (৪) ভীম ক্ষেত্রী। রামেশ্বরী শিবায়নে শিব-ঠাকুরের কৃষি-প্রসঙ্গে এই ভীমের অনেক বিবরণ পাওয়া যায়। ইনি মধ্যম পাণ্ডব কি না, অথবা তদপেক্ষাও কোন প্রাচীনতর প্রবাদোক্ত ভীম, তাহা বিবেচ্য।

মুড়াগিরি পব্বত যোড়িআ পালই (১) দিআ।
হনুমান মহাবীরে পহরী রাখিয়া ॥
ভীম খেত্তী হরে গিএ সব জানাইল।
যত ধান ছিল পরভু সকলি দাইল ॥
ভুব্বার গাঙ্গেত বহুত থানি জোলি।
ভীম খেত্তী ধান দাইলেন আড়াই হালি ॥
শুনিআ ক্রোধিত হইল হর মহাশয়।
শুন্ন ভীম খেত্তী সে ধানে আগুনি ভেজাএ ॥
ভীম তবে বরুণর (২) সাথী (৩) যে রাখিল।
হিঙ্গুলা দেবীক ভীম সঙ্গেত লইল ॥
আগুন দিল ধান পোড়ে সবেগে উঠএ ধূঞা।
পালোএতে আগুন দিয়া পালাইল ভীমা ॥
আড়াই হালি ধান পুড়এ দুআদশ বছর।
দেবী সুতা কাটএ দেখএ ধূঞাত অম্বর ॥
চুঁঞা পড়া আঘাণ (৪) দেবী পাইল তখন।
দেবতা সভাত গিআ দিল দরশন ॥
বিস্তর দুখেত পরভু জনমাইল ধান।
ভীমক চাই বাঅন পটল তাঁউলর আন ॥
তিন পুখুরীর জল চাই গণ্ডুষেকে।
সাত পুখুরীর জল চাই এক নিশাসেকে ॥ (৫)
কিরূপেত রকৃথা পাইব সব লোক।
এ সকল শুনিঞা হরর হৈল শোক ॥
ইন্দর বলিআ হর পাড়িল হুঙ্কার।
ছিষ্‌টি রকৃথা (৬) কর ইন্দর হৈল ছারখার ॥
খীর কুণ্ডর খীর অমর্ত কুণ্ডর পানী।
অমর্ত বরিষণ ইন্দর করিল আপুনি ॥
গোসাঞি দিলেন তবে বিউনীর বাঅ (৭)।
যত ছিল ছার পাশ উড়িআত যায় ॥

(১) স্তূপ। (২) বরুণকে। (৩) সাক্ষী। (৪) চুঁচা=তুষ। পড়া=পোড়া, অর্থাৎ ধান পোড়া। আঘাণ=আঘ্রাণ=ঘ্রাণ।

(৫) এক নিশ্বাসে অর্থাৎ শ্বাসত্যাগ না করিয়া ৭ পুষ্করিণীর জল আনিয়া দেওয়া চাই। (৬) সৃষ্টি রক্ষা।

(৭) বিউনীর=ব্যজনের। বাঅ=বাতাস

পুনরপি গোসাঞি শ্রীহস্ত বুলাইল।
যেমতি ধান ছিল পূর্ব্ব তেমনি ধান হইল ॥
এখন মুক্তাক কোন্ কোন্ ধান চাই।
সভা পর মুক্তাহার নাগএ তথাই ॥

নানাবিধ শস্তের বীজ বপন।

জেঠ ধান বুনেন গোসাঞি ছিছরা আমলো।
আলাচিত ফেফেরী দেখিতে যেবা কালো ॥
সনাখড়কী দুগ্গাভোগ আস আঙ্গ কল।
আসমুক্তাহার বুনেন দ্বিগুণ যার ফল ॥
কালামুগড় (১) বুনেন গোসাঞি ছড়া মারিবার তরে।
নাগরযুআন বুনেন পরভু বাছিআ ভাঙ্গরে (২) ॥
তুলাশালী বুনেন পরভু তুলা যার গাএ।
আসতির বুনেন পরভু বাঅ গন্ধ বাএ ॥
ধান মাঝে ধান বুনেন বককড়ী।
গোতমপলাল বুনেন পাতল যার ছড়ি ॥
পাঙ্গুসিআ ভাদ্দমুখী বুনেন খেমরাঅ।
তুলন ধান বুনেন বিরিঞ্চি দুধুরাঅ (৩) ॥
গুজুরা বোআলি দাড় হাতীপাঞ্জর।
বুড়ামাত্তা ধান বুনেন দেখিতে সুন্দর ॥
হাটিআ ছুটিয়া কআ তিলসাগরী আর।
যার মুক্তাঅ ধম্ম হৈল আগুসার ॥
লতামৌ মৌকলস আর খেজুরছড়ি।
পব্বতজীরা গন্ধতুলসী আর দলাগুড়ি ॥
বন্ধী বাঁশগজা আর সীতাশালি।
হুকুলি হরিকালী বুনেন কুসুমমালী ॥
রক্তশাল চন্দনশাল বুনেন এক ভিতে।
রাজদল মৌকলস বুনেন তুরিতে ॥
উড়াশালি বিন্ধশালি আর লাউশালি।
নানা ধান বুনেন পরভু ধান যে ভাদোলী ॥
রাজদল মৌকলস আজান সিঅলি।
কালা কাত্তিক মেথী বুনিলেন ভুলি ॥
খীরকম্বা বুনেন পরভু পছাল রনজঅ।
কামদধান বুনেন পরভু যে বা বাতি জলে হঅ ॥

---

(১) কৃষ্ণমুদ্‌গর = কালামুগুর। (২) ভাঙ্গ্‌সেবী। (৩) দুং্‌রাজ।

খুদ্দ (১) তুধুরাজ বুনেন জভনা বাঁকই।
মূলা মুক্তাহার পরভু বুনে একু ঠাক্রি ॥
পিপীড়া বাঁশগজা বুনেন ককচি।
শুধু মাধবলতা বুনেন বাগুন বীচি ॥
কোটা মেটা বায়গড় তোজনা আর বোর।
কোঙর ভোগ জলারাঙ্গি আর কনকচোর ॥
লালকামিনী শোলপনা বুনে পার্চ্ছাভোগ।
আঁধারকুলি ঘুমলেউলী আর গোপালভোগ ॥
বুথি আজানলক্ষ্মী বুনেন বাঁশমতী।
শালছাটী পশী কাঁঙদ গন্ধমালতী ॥
আম পাবন গয়াবালী বুনেন পাথরা।
মাসিলোট ঝিঙ্গাশাল বুনেন তসরা ॥
সমধুনা সুআ সান বুনেন টাঙ্গন।
হরি মহীপাল বাঁকশাল বুনে মঙ্গলন ॥
বাঁকচোর পুআন বিড়ি গেঁড়ি গোপাল।
হুড়া বাঁশকাটা বুনে মরিচ মইপাল ॥
জলার ধান বাঁকই বুনে লোটাইআ জয়।
আথল পলিএ দাঅ বিড়া বয় লাএ ॥
কহেন রামাই পণ্ডিত ধানর জনম সাঅ (২)।
ভকত নাএকে ধম্ম হব বরদাএ ॥

রামকৃষ্ণদেব-প্রণীত

শিবায়ন।

শিবায়ন—রামকৃষ্ণ—১৭শ শতাব্দী।

রামকৃষ্ণদেব নিজের যে আত্ম-বিবরণ দিয়াছেন তাহা হইতে জানা যায়, কবির পিতামহের নাম যশশ্চন্দ্র, পিতামহীর নাম নারায়ণী, (তাঁহার পিতামহীর সরস্বতী নাম্নী অপর এক সতিনী ছিলেন)। কবির মাতামহ রামসূর্য্য মিত্র তেওজ কুলীন ছিলেন। কবির পিতা কৃষ্ণরাম "সর্ব্বশাস্ত্রে ধীর" ছিলেন, এবং মাতা রাধাদাসী পরম গুণবতী বলিয়া খ্যাত ছিলেন;

---

(১) ক্ষুদ্র। (২) সায়=সাঙ্গ।

ইঁহারা দক্ষিণ রাঢ়ীয় কায়স্থ, কাশ্যপগোত্র ও দেব উপাধি-বিশিষ্ট। নিবাস রসপুর। শিবায়ন খুব বিরাট্ গ্রন্থ, ভারতচন্দ্রের বিদ্যাসুন্দর হইতে বৃহৎ হইবে। এই কাব্যের প্রায় ২০০ বৎসরের হস্তলিখিত খণ্ডিত পুঁথি শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু মহাশয়ের নিকট আছে। কবি সুপণ্ডিত ছিলেন, তিনি বিবিধ সংস্কৃত পুরাণ ও কাব্য অবলম্বনে শিবায়ন রচনা করিয়াছেন। রামকৃষ্ণের উপাধি ছিল 'কবিচন্দ্র'।

শিবনিন্দা।

শুন মাতঃ সত্যবতি (১) পাগল তোমার পতি
নিমন্ত্রণ না করিনু লাজে।
কদাচার দিগম্বর অস্থিমালা অমঙ্গল
দেবের সমাজে নাঞি সাজে॥
শ্মশানের ছাই মাখে ভূত প্রেত সঙ্গে থাকে
চূড়ামণি কলঙ্কের কলা।
ধুস্তূর তাহার ভক্ষ্য সিদ্ধিতে ঘূর্ণিত চক্ষ
গরল যোড়িল সব গলা॥
বাছাগো হর নহে যোগ্যক জামাতা।
ভ্রমে ভিক্ষুকের বেশে কেবল শিবের দোষে
পাসরিল তোমার মমতা॥
মুখযোড়া দাড়িগোপে শরীর যোড়িল সাপে
আচ্ছাদন শার্দ্দূলের চর্ম্ম।
বৃষে চড়ে ব্রহ্মবধী বিষাদী বিশাল-নাদী
নাহিক তাহার লোকধর্ম্ম॥
হেন লেখে ধর্ম্মশাস্ত্রে কেশের পরশ মাত্রে
অপবিত্র হয় সেই জল।
হেন কেশ তার ঝারি জটার ভিতরে বারি
স্নান পান তাহাতে সকল॥
শুণ্ডে জল করি দান কুঞ্জর করয়ে স্নান
জ্ঞানহীন না হয় পবিত্র।
তেন শঙ্করের বুদ্ধি নাহিক তাহার শুদ্ধি
পশুপতি পশুর চরিত্র॥
মস্তকের জল পাদ্য বদনে বাজায় বাদ্য
আপনি আপনা গালে চড়।

(১) সতীকে অনেক স্থলেই সত্যবতী বলিয়া উল্লেখ করা হইয়াছে।

নাহি তার লজ্জা ভয় নাহিক বিনয় লয়
গুরু-গর্ব্বিতের নাহি গড় ॥
বৈভব দেখায় ভণ্ড সভে থাকে চারি দণ্ড
বাজিকর যেন করে বাজি ।
চিরস্থায়ী কিছু নহে সভে মাত্র ঘরে রহে
সিদ্ধি ঝুলি ফুল তোলা সাজি ॥
নিরঙ্কুশ স্বতন্তর ধ্যান ধরে নিরন্তর
সম্ভাবনা বৃষ বলদ বৃন্দ ।
রামকৃষ্ণ দাস গায় কোন গুণ নাহি তায়
তে কারণে আমি হতশ্রদ্ধ ॥

সতীর প্রাণত্যাগ ।

পাইলাম শিব আমি তপস্থার ফলে ।
করিল কঠোর মনিকর্ণিকার জলে ॥
জন্মে জন্মে পাব সেই চরণের রেণু ।
না ধরিব তোমার স্থজিত এই তনু ॥
শিবনিন্দা ঔরসেতে জন্ম্যাছে শরীর ।
তে কারণে এ শরীর ধরিবারে ভার ॥
পতি-নিন্দা শুনিয়া বিরক্ত হৈল চিত্ত ।
তনু-ত্যাগ পাপের হইব প্রায়শ্চিত্ত॥
বীণা বাজাইয়া তথা আইলা নারদ ।
বিগুমানে দেখিল যতেক সভাসদ ॥
ক্রোধেতে জন্মিল অগ্নি ভবানীর দেহে ।
বসন ভূষণ সঙ্গে তনু তার দহে ॥
বহ্ন ব্যাপী সেই অগ্নি লিখিল পুরাণে ।
সতী তাহে করিলা শরীর সমর্পণে ॥
শিব পাদপদ্ম মাতা করিয়া ধেয়ান ।
যোগাসনে অগ্নি মধ্যে তেজিল পরাণ ॥
তেজিয়া শরীর শিবে হইল মিলন ।
শিবশক্তি দুই জল-পঙ্কজ যেমন ॥
অগ্নি মধ্যে সতী যদি হইল দাহন ।
হাহাকার শব্দ কৈল যত পুরজন ॥
দেখিয়া দক্ষের মুখ হৈলা কৃষ্ণবর্ণ ।
কম্পিত শরীর হৈল অন্ধকারাচ্ছন্ন ॥

সতীর মৃত্যুতে প্রাকৃতিক বিপ্লব ।

ম্লান মুখ হৈলাত যতেক দিক্‌পাল।
হাহাকার শব্দ করে যত বৃদ্ধ-বাল॥
আশ্চর্য্য দেখিয়া যত পুরুষ যোষিত।
দাণ্ডাইয়া চাহে যেন চিত্রের লিখিত॥
স্তম্ভিত হইলা চতুর্ভুজ নারায়ণ।
অন্ধকার হৈল মেঘ ছাইল গগন॥
রক্ত বৃষ্টি হৈল অগ্নি পাইল নির্ব্বাণ।
বেদ মূর্ত্তিমান্ ছিলা হৈলা অন্তর্ধান॥
ভূমিকম্প হৈল ঘন বহে ঝঞ্ঝা বাত।
নির্ঘাত নির্গত ধূম হয়ে উল্কা-পাত॥
আচম্বিতে ভাঙ্গিয়া পড়িল যজ্ঞশালা।
ভয় পায়্যা মুনিগণ বলে পালা পালা॥
অন্তরিক্ষে আছে তথা ভবানীর রথ।
দাণ্ডাইয়া দেখে যত ভৈরব প্রমথ॥
নন্দী আজ্ঞা দিলা তথা যতেক পিশাচে।
যজ্ঞ ভঙ্গ করে তারা উর্দ্ধপায় নাচে॥
গৃধিনী শকুনী চিল উড়য়ে আকাশে।
মাংস টানাটানি করে কুক্কুর বায়সে॥
শৃগালের শব্দেতে কর্ণেতে লাগে তালা।
হইল শ্মশান-ভূমি সেই যজ্ঞশালা॥
পরমান্ন পায়স শর্করা মধু দধি।
ঘৃত দুগ্ধ ফল ফুল গন্ধ-পুষ্প আদি॥
ভূত প্রেত পিশাচের যাতে পড়ে দৃষ্টি।
ভক্ষণ করিলা সব রহিলা উচ্ছিষ্ট॥
দেখিল দক্ষের যদি এতেক বিপদ।
নন্দী সঙ্গে যুক্তি গিয়া করিলা নারদ॥
নারদ বলেন নন্দী হয়ে সাবধান।
এই যজ্ঞে আছেন মাধব অধিষ্ঠান॥
সতীর মরণে সভে হইলা বিমনা।
বিষ্ণুর সাক্ষাতে কি ভূতের বীরপণা॥

নারদ ও নন্দীর কৈলাস গমন।

অধিক বিরোধ না করিহ অতঃপর।
তুমি আমি যাই চল প্রভুর গোচর॥
তাহার যেমত আজ্ঞা হইব বিচার।
সেইরূপ করিবে শুনহ সারোদ্ধার॥

নারদের বোলে নন্দী করিল স্বীকার।
দুই জনে মেলি চলে হরের গোচর॥
আইলা সতীর রথে দেবঋষি নন্দী।
দাণ্ডাইলা শঙ্করের পদাম্বুজ বন্দি॥

শিবের ক্রোধ।

এই সব বচন শুনিঞা কৃত্তিবাস।
ক্রোধেতে করিলা প্রভু অট্ট অট্ট হাস॥
করিয়া গম্ভীর শব্দ ছাড়িলা নিশ্বাস।
কবিচন্দ্র রচে মনে জন্মিল হতাশ॥

ঈশ্বর হইলা ক্রুদ্ধ দশদ্বার করি রুদ্ধ
অধরেতে দশন প্রহার।
পাকাইয়া তিন আখি হুঙ্কার শবদে ডাকি
মহাকালে করে আজ্ঞা সার॥
ক্রোধে বহ্নি সমুদ্ভব হৈলা স্বর অব অব
মহাকাল ঘোর ঘোরাকার।
ভুষণ্ডিক ধরি মুষ্টি করালাস্থা কোপদৃষ্টি
বজ্রপাত সমান চীৎকার॥

মহাকালের দর্প।

মহাকাল প্রণাম করিলা মহেশ্বরে।
কহে যোড় করি হাত আজ্ঞা মোরে কর তাত
ব্রহ্মডিম্ব করি অভ্যন্তরে॥
চন্দ্র সূর্য্য করি গ্রাস সমীর আমার শ্বাস
কুম্ভক যোগেতে করি বন্দি।
দেখ তুমি বিস্তমানে গণ্ডূষে করিব পানে
সপ্তম সমুদ্র নদ নদী॥
এই সপ্ত কুলাচল লইব পাতাল তল
পৃথিবী করিব খণ্ড খণ্ড।
সুমেরুর ধরি গোড়া নাড়িয়া ভাঙ্গিব চূড়া
করী যেন ভাঙ্গে ইক্ষুদণ্ড॥
ব্রহ্মাণ্ড করিয়া চূর এই সৃষ্টি করি দূর
যদি পাই তোমার আদেশ।
ইন্দ্র আদি সুরগণে বান্ধি আনি এই ক্ষণে
রণেতে জিনিয়া হৃষীকেশ॥

সেই পুরুষের জটা পরশে ব্রহ্মাণ্ড কটা
ভীষণ দশন কটকটি।
পায়্যা তার গোড়া তালি সুতলে কম্পিত বলি
ধরা বলে অকালে উলটি॥
করে কাল পরাক্রম কেবল যমের যম
অসীম সাহস উগ্রমতি।
বলে শুন প্রভু হর কে আছে তোমার পর
তুমি ক্রোধ কৈলে কার প্রতি॥
আজ্ঞা দেহ তারে শাসি দেবতা গন্ধর্ব্ব ধ্বংসি
অসুর মানুষ যক্ষ নাগে।
কারে বিধি হৈল বাম করহ তাহার নাম
রামকৃষ্ণ দাস ভক্তি মাগে॥

শিবের বরদান ও সসৈন্য-মহাকালের যজ্ঞ ধ্বংস।

এতেক বিক্রম যদি কৈল বীরবর।
ওহে মহাকাল বলি ডাকিলা ঈশ্বর॥
হরিদ্বারে যজ্ঞ করে দক্ষ প্রজাপতি।
যজ্ঞ ভঙ্গ করিবারে যাহ শীঘ্রগতি॥
যে দেবতা হইব দক্ষের অনুবল।
তাহা সভাকারে দিবে যথোচিত ফল॥
সহায় হয়েন যদি আপনি মাধব।
তথাপি তোমারে তিহ হব পরাভব॥
এই বর দিল পুত্র যাহত ত্বরায়।
মহাকাল সেই আজ্ঞা বন্দিল মাথায়॥
ভুষণ্ডি লুফিয়া হাতে যায় লাফে লাফে।
কম্পবান্ বসুমতী কুলাচল কাঁপে॥
প্রভু ভাবেন মহাকাল চলিল একক।
নিশ্বাসেতে জন্মাইল প্রমথ কটক॥
চর্ম্মবাস পরে তারা উগ্রমূর্ত্তি জটী।
করে চক্র শূল সংখ্যা একশত কোটি॥
জটায় জন্মিল তার বীরভদ্র নামে।
মহাসুর ভয়ঙ্কর যমের সমানে॥
আজ্ঞায় ধাইল সেনা পবনের বেগে।
কথ মহাকালের হইল গিয়া আগে॥

কথ বা ডাহিনে যায় কথ যায় বামে।
পশ্চাৎ চলিল কথো বীরপরাক্রমে॥
যক্ষ রক্ষ পিশাচ চলিল উভরড়ে।
ধরিয়া বৃক্ষের শাখা সমূলে উপাড়ে॥
পর্ব্বত তুলিয়া লয় যতেক প্রমথ।
কেহ ভূমে পথ চলে কার শূন্য গত॥
আসিয়া শিবের সেনা বেড়ে হরিদ্বার।
সৌধ অট্টালিকা ভাঙ্গি করে ছারখার॥
যজ্ঞশালা ভাঙ্গিল স্তম্ভেতে দিয়া নাড়া।
দেবতা পালায় পাছে পাছে দেই তাড়া॥
কেহ হবি পান করে কেহ পিয়ে ক্ষীর।
পায়সের সরোবর শর্করা মধুর॥
ফল আম্র রম্ভা আদি শোভে চারি দিকে।
রুদ্র-সেনা ভক্ষণ করয়ে মহাসুখে॥
অন্ন রাশি রাশি যেন সুমেরু পর্ব্বত।
স্থানে স্থানে পাকশালা বিপ্র শত শত॥
তেজপত্র দারুচিনি মরিচ সম্ভালন।
ব্যঞ্জন সৌরভে মগ্ন রুদ্র-সেনাগণ॥
চক্ষু পাকাইয়া চায় ব্রাহ্মণ পালায়।
যত অন্ন ব্যঞ্জন ভৈরবগণ খায়॥
যজ্ঞ পশু কাটিয়া রাক্ষস খায় মাংস।
ঘৃতকুল্যা মধুকুল্যা সহস্র সহস্র॥
বস্ত্র অলঙ্কার পরে গন্ধ পুষ্পমালা।
কেহ বা টানিয়া পরে মণি মুক্তা পলা॥
কার হাতে মুষল মুদ্গর লৌহদণ্ড।
ভাঙ্গিয়া দক্ষের পুরী কৈল লণ্ডভণ্ড॥
কেহ কেহ জ্যোতির্ম্ময় রুদ্রের সমান।
চরণে মর্দ্দিয়া অগ্নি করিলা নির্ব্বাণ॥
মৃগরূপ ধরি যজ্ঞ (১) যায় পালাইয়া।
কাটিল যজ্ঞের মুণ্ড চক্র ফেলাইয়া॥
ভৃগুবর দেখি মুখে মারিল চাপট।
দন্ত ভাঙ্গি গেল অপমানে মাথা হেট॥

(১) যজ্ঞ-দেবতা।

ভৃগুর দুর্গতি দেখি দুঃখিত ভার্গব।
দেব-যজ্ঞ কেবা ইথে করে উপদ্রব॥
এতেক বলিতে শুক্রে দিলা ঘাড় ঢাকা।
ভৈরব আসিয়া চক্ষে ভরিল শলাকা॥
পাইল প্রমথগণ অর্য্যমার (১) দেখা।
পাক নাড়া দিয়া তার ছিণ্ডিলেক আঁখা॥
অগ্নি পলাইয়া যাইতে পাইল পতনে।
গলা চিপি দিয়া জিভ উপাড়িল টানে॥
প্রধান জামাতা তুমি দক্ষের গৌরবী।
অনীশ্বর যজ্ঞে তুমি পান কৈলে হবিঃ॥
রুদ্র অংশ হৈয়া তুমি পাসরিলা শিব।
তে কারণে তোমার কাড়িয়া ফেলি জিভ॥
প্রমথ পবনে পায়্যা আক্রোশ অতিশয়।
ভূমেতে ফেলিয়া তার ছিণ্ডে মুষ্কদ্বয়॥
যমেরে প্রমথগণ ধরে তাড়াতাড়ি।
হাতে পায় বান্ধিয়া গলায় দিল দড়ি॥
বেতাল লইয়া বুলে করি টানাটানি।
ধর্ম্মরাজ বলে রক্ষা কর শূলপাণি॥
কুবেরের কাড়িয়া লইল গদাবাড়ি।
বলায় শিবের প্রিয় লাজ নাহি দাড়ি॥
দুই পায়ে ধরিয়া ফিরায় যেন চাকে।
বরণ করিলা তিহ তড়বড়ি পাকে॥
উগারিল ঘৃত মধু ঝলকে ঝলকে।
ত্রাহি রুদ্র ত্রাহি রুদ্র যক্ষরাজ ডাকে॥
কথো দূরে পায় দূত নৈর্ঋতির লাগ।
ধরিল কেশের মুষ্টি ফেলাইলা পাগ॥
কান্ধের উপর করি মুদ্গর প্রহার।
বরুণে দেখিয়া সভে বলে মার মার॥
মহাক্রোধ হৈয়্যা তার বসিলেক পেটে।
ভূমেতে ফেলিয়া দূত ধরিলা সাপটে॥
পঞ্চামৃত যত ভক্ষ্য নাকে মুখে উঠে।
এতেক দেখিয়া মঘবার (২) বল টুটে॥

---

(১) সূর্য্যের। (২) ইন্দ্রের।

ধরিয়া ময়ূরমূর্ত্তি যায় গুড়ি গুড়ি ।
বটবৃক্ষ দেখিয়া বসিলা গিয়া উড়ি ॥
ধর্ম্ম অন্তর্ধান হৈলা চাহি বোলে দূত ।
একাদশ রুদ্র তথা দেখিল অদ্ভুত ॥
দেখিল প্রমথগণ শঙ্করের বেশ ।
তেকারণে তা সভার না করিলা ক্লেশ ॥
দক্ষের দৌহিত্র সেই একাদশ রুদ্র ।
মহেশের অংশে জন্ম সভে মনু-পুত্র ॥
মার মার করি ডাকে কালক (১) দুর্জ্জয় ।
মার মার যতেক দক্ষের সহায় ॥
চন্দ্র সূর্য্য দেখিয়া প্রমথগণ ধায় ।
স্বতন্ত্র হইলে তুমি বুঝি অভিপ্রায় ॥
হরনেত্রে জন্মিয়া ভুলিলে অল্প লাভে ।
এ যজ্ঞে আসিতে তোমা সভারে না শোভে ॥
হেন কালে সুরস্বতী চলিছে একাকা ।
প্রমথ ফেলিয়া মারে লোহার সিঠিকা ॥
নাসা-পথে রন্ধ্র হৈল দেবী পাইল ব্যথা ।
অদিতি পালাইয়া যায় দেবতার মাতা ॥
ওষ্ঠপুট তাহার ছেদন কৈল চক্রে ।
দেখিয়া বড়ই দয়া উপজিল শক্রে ॥
গর্জ্জিয়া প্রমথগণ সহ সুররাজ ।
প্রমথগণের সহ হয় ঘোর যুঝ ॥
মার মার বলি ডাকে শিব-সেনাগণ ।
জাপটি ধরিয়া ইন্দ্রে করিল তাড়ন ॥
যথোচিত তিরস্কার দেবরাজে কৈল ।
মহাভয়ে দেবরাজ পলাইয়া গেল ॥
পুনরপি ধর্ম্মেরে ধরিলা সব সেনা ।
মহাবেশে ধরি করে করিয়া গর্জ্জনা ॥
শুন শুন অরে ধর্ম্ম মূর্খ তোরে বলে ।
পাপস্থান ত্যাগী তুমি কহেন সকলে ॥
এই দক্ষ মহাপাপী শিবনিন্দা কৈল ।
ইহার স্থানেতে তোমার অধিষ্ঠান হৈল ॥

---

(১) মহাকাল ।

এত বলি ধর্ম্মে বহু করয়ে শাসন।
লজ্জিত হৈয়া ধর্ম্ম হৈল্যা অন্তর্ধান ॥
অপ্সরী কিন্নর বিদ্যাধরী বিদ্যাধর।
যন্ত্রের সহিত কাটে সভাকার কর ॥
কার কুচ শ্রবণ কাটিল কার কেশ।
নাসিকা কাটিল কার নাহি দয়া লেশ ॥
কশ্যপে দেখিয়া তথা বলে রুদ্র-সেনা।
পাইল তোমার মুনি প্রজাপতিপণা ॥
পালহ সংহতি লয়্যা যতেক ব্রাহ্মণ।
অনীশ্বর যজ্ঞে কেন লহ নিমন্ত্রণ ॥
শুনিঞা কশ্যপ কিছু না দিলা উত্তর।
মহাভীত ভয়ে মুনি হইলা অন্তর ॥
পলাইল বিপ্র সব ফেলাইয়া দক্ষিণা।
ভূতের চীৎকার শব্দ শুনি ঝণঝণা ॥
প্রমথগণেরে দক্ষ দেখি উগ্রমূর্ত্তি।
ভয়েতে বিষ্ণুর গিয়া হইল শরণার্থী ॥
ত্রাসেতে কম্পিত তনু মলিন বদন।
শিব-অপরাধ রক্ষা কর নারায়ণ ॥
পলাইল স্থানে স্থানে যত দেবগণ।
রক্ষা কর নারায়ণ কমলার প্রাণ ॥
রামকৃষ্ণ দাস রচে গীত শিবায়ন।
দক্ষ আসি পশিলেন বিষ্ণুর শরণ ॥

বিষ্ণুর আগমন।

গরুড়ে চড়িলা জগদীশ।
নবীন মেঘের আভা বস্ত্র বিদ্যুতের প্রভা
সারঙ্গের টঙ্কার কুলিশ ॥
চতুর্ভুজ ছিলা ত্রস্ত হইলা অসংখ্য হস্ত
অস্ত্র শস্ত্র মুখ্য সুদর্শন।
যত পারিষদ্বর্গ শঙ্খ চক্র গদা খড়্গ
প্রভু সম বসন ভূষণ ॥
গর্জ্জে হরি রহ রহ শর দুই চারি সহ
কোথা যে তোমার সেনাপতি।
প্রাণ হারাইবে রণে ছাড়ি দেহ দেবগণে
না করিহ লোকের দুর্গতি ॥

দেখিয়া কৃষ্ণের দম্ভ প্রমথের হৈল কম্প
স্থগিত হইলা সর্ব্বজন।
হেন কালে মহাকাল হয়্যা মহাকোপানল
আসিয়া দিলেন দরশন ॥
আসিয়া প্রমথ-সেনা প্রথমে দিলেক হানা
ব্যতিব্যস্ত কৈলা দিক্‌পালে।
শিলা ধূলা অস্থি মুণ্ড পূরিল যজ্ঞের কুণ্ড
অগ্নি দেখি নিবাইল জলে ॥
তুষ্ট হৈলা সেনাগণ জিজ্ঞাসিল জনে জন
কোথা দক্ষ শিবের নিন্দক।
যেই জন অপরাধী তারে শীঘ্র আন বান্ধি
অন্যেরে নিগ্রহ নিরর্থক ॥
কালের আদেশ পায়্যা রুদ্র-সেনা গেল ধায়্যা
দক্ষেরে বান্ধিতে নাগপাশে।
নাগেরে গিলিল তার্ক্ষ্য (১) নিকটে পাইয়া ভক্ষ্য
রামকৃষ্ণ দাস রস ভাষে ॥

দক্ষের শাস্তি।

দেবতা পালাইয়া যায় তেত্রিশক কোটি।
মহাকাল ক্রোধেতে দক্ষের ধরে ঝুটি ॥
বলিতে লাগিলা দুই হস্ত বান্ধি পীঠে।
পিপীলিকার পাখ দক্ষ মরিবারে উঠে ॥
শঙ্করের সহিত তোমার পাঠান্তর।
দেব-যজ্ঞ কর তুমি না মান ঈশ্বর ॥
যেই মুখে সদাশিবে তুমি দিলে গালি।
নরক-কুণ্ডেতে সেই মুখ ছিণ্ডি ফেলি ॥
